# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 30, 1430 Bangla, February 13, 2024, Tuesday, No. 44, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says, govt. will continue its fight against corruption & protect the country from violence, militancy & drugs. She urges BD Ansar & VDP to continue their responsibility in these efforts. (R. Today: 13)

AL GS Obaidul Quader says, BD will maintain a friendly relationship with Russia without jeopardising its ties with US. (R. Today: 14)

Foreign Minister says, regional instability has arisen due to Myanmar's internal crisis. India's cooperation has been sought to deal with the crisis & repatriate Rohingyas. (R. Today: 15)

BNP SJSG Ruhul Kabir Rizvi says, journalists are being killed in a planned manner. In last 15 years, 4,000 journalists have been subjected to harassment & torture. Among them 59 journalists were killed. (R. Today: 15)

Indian high commissioner to Bangladesh Pranay Verma hopes that better connectivity & new measures like trade in Indian rupee will further enhance Bangladeshi exports to India. (VOA: 10)

International Crimes Tribunal-1 has sentenced life term imprisonment to 3 war criminals from Sherpur for committing crimes against humanity during Liberation War in 1971. (VOA: 08)

12 years have passed since the murder of journalist couple Sagar Sarwar and Mehrun Rooney, but justice for their families is still a long way off. Court gave repeated dates but investigation report is never submitted. (R. Tehran: 11)

Since last week, discussions & criticisms have been going on in BD about the declaration of Tangail Sari as a GI product of India. Amid criticism, 7 products including Tangail Sari have been recognized as GI products of BD. (BBC: 03)

The number of unlicensed private hospitals, clinics, diagnostic centres & blood banks in the country is 1,027. Now question has arisen if DGHS knows the names of illegal institutions, then why they haven't been closed so far. (DW: 11)

Govt. is caught up in a dilemma in choosing the right option to reduce the gap between the cost of power production and revenues generated from sales. PDB's loss in the last financial year was Tk 47 thousand 788 crore. (VOA: 06)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ৩০, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ১৩, ২০২৪, মঙ্গলবার, নং- ৪৪, ৫৪তম বছর**

# শিরোনাম

দেশকে সন্ত্রাস জঙ্গিবাদ ও মাদক থেকে রক্ষা করতে চায় সরকার। দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ অব্যাহত থাকবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসব বিষয়ে দায়িত্ব অব্যাহত রাখতে আনসার বাহিনীর প্রতি আহ্বান জানান তিনি। (রে. টুডে : ১৩)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে শত্রুতা করে রাশিয়ার সঙ্গে বন্ধুত্ব করতে চায় না বাংলাদেশ। (রে. টুডে: ১৪)

পররাষ্ট্রমন্ত্রী বলেন মিয়ানমারের অভ্যন্তরীন সংকটের কারণে আঞ্চলিক অস্থিরতা তৈরি হয়েছে। এই সংকট মোকাবেলায় এবং রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে দিল্লির সহযোগিতা চাওয়া হয়েছে। (রে. টুডে : ১৫)

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির বলেন, পরিকল্পিতভাবে সাংবাদিকদের হত্যা করা হচ্ছে। গত ১৫ বছরে ৪ হাজার সাংবাদিক নিপীড়ন ও ও নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে ৫৯ জন সাংবাদিককে হত্যা করা হয়েছে। (রে. টুডে : ১৫)

বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা বলেছেন, উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং ভারতীয় রুপির মাধ্যমে বাণিজ্যের মতো নতুন পদক্ষেপ, বাংলাদেশি পণ্যের রপ্তানি আরো বাড়িয়ে তুলবে। (ভোয়া: ১০)

একাত্তরের মানবতা বিরোধী অপরাধের দায়ে, শেরপুর জেলার নকলা উপজেলার তিন রাজাকার সদস্যকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল। (ভোয়া: ০৮)

সাংবাদিক দম্পতি সাগর সরোয়ার ও মেহেরুন রুনি হত্যার ১২ বছর পার হলেও তাদের পরিবারের জন্য ন্যায়বিচার এখনো সুদূর পরাহত। জোড়া খুনের মামলায় আদালত তদন্ত কর্মকর্তাকে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য বারবার তারিখ দেন। তবে কোনোবারই তদন্ত প্রতিবেদন আদালতে জমা পড়ে না। (রে. তেহরান: ১১)

বাংলাদেশের টাঙ্গাইলের শাড়িকে ভারতের ভৌগোলিক নির্দেশক বা জিআই ঘোষণা নিয়ে গত সপ্তাহ থেকেই চলছে নানা আলোচনা-সমালোচনা। সমালোচনার মধ্যে জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে টাঙ্গাইল শাড়িসহ ৭টি পণ্য। (বিবিসি: ০৩)

দেশে অবৈধ বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকের সংখ্যা ১ হাজার ২৭টি। আর লাইসেন্স আছে ১৫ হাজার ২৩৩টি প্রতিষ্ঠানের। প্রশ্ন উঠেছে স্বাস্থ্য অধিদপ্তর যদি জানে অবৈধ প্রতিষ্ঠানের নাম-ঠিকানা, তাহলে সেগুলো বন্ধ করতে বাধা কোথায়? কেন এতদিনেও এগুলো বন্ধ করা হয়নি। (ডয়চে ভেলে : ১১)

বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন ব্যয় এবং বিক্রয় থেকে আহরিত রাজস্বের মধ্যে ব্যবধান বিস্তর। এই সমস্যা সমাধানে সঠিক বিকল্প বেছে নেয়ার ক্ষেত্রে দ্বিধাদ্বন্দ্বে রয়েছেন নীতি নির্ধারকরা। গত অর্থবছরে বিপিডিবির লোকসান ৪৭ হাজার ৭৮৮ কোটি টাকা (ভোয়া: ০৬)

# বিবিসি

## নরসিংদীর অমৃত সাগর কলা ও গোপালগঞ্জের রসগোল্লা যে কারণে জিআই স্বীকৃত পেল

বাংলাদেশের টাঙ্গাইলের শাড়িকে ভারতের ভৌগোলিক নির্দেশক বা জিআই ঘোষণা নিয়ে গত সপ্তাহ থেকেই চলছে নানা আলোচনা-সমালোচনা। এরই মধ্যে টাঙ্গাইলের শাড়ির পাশাপাশি নরসিংদীর অমৃত সাগর কলা ও গোপালগঞ্জের রসগোল্লাকেও জিআই পণ্য হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। এ নিয়ে দেশে জিআই স্বীকৃতি পেয়েছে ২৪টি পণ্য। বাংলাদেশের প্রায় সব জায়গায়ই কলা চাষ হয়। বারোমাসি ফল হিসেবে এর সুনাম রয়েছে। তবে, নরসিংদীর এই অমৃত সাগর কলা কেন জিআই পণ্য? অথবা গোপালগঞ্জের রসগোল্লারই কী এমন বিশেষত্ব রয়েছে যা এটিকে ভৌগোলিক পণ্য হিসেবে স্বীকৃতি দিচ্ছে? নরসিংদীর অমৃত সাগর কলা চাষ করেন এমন কয়েকজন চাষী ও কৃষি কর্মকর্তাদের সাথে কথা বলে জানা গেছে, মুঘল আমল থেকে এই কলার চাষ হয় এ এলাকায়। এর স্বাদ ও ঘ্রাণই একে অন্য কলার চেয়ে আলাদা করেছে। শুধুমাত্র নরসিংদীর মাটিই এই কলা চাষের জন্য উপযোগী। তেমনি, গোপালগঞ্জের রসগোল্লার রয়েছে ৮৬ বছরের ইতিহাস। দত্তের মিষ্টান্ন ভাণ্ডার নামে বংশ পরম্পরায় তিন প্রজন্ম এ রসগোল্লা তৈরির ব্যবসা করছেন। এ মিষ্টির অন্যতম বৈশিষ্ট্য হিসেবে বলা হচ্ছে, যতটুকু না দিলেই নয় চিনি ততটুকু দেয়া হয়, দুধের মিষ্টিটাই এর অন্যতম অনুষঙ্গ।

রোববারই প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে টাঙ্গাইলের শাড়িসহ তিন পণ্যের স্বীকৃতির সনদ হস্তান্তর করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর জিআই স্বীকৃতির এই গেজেট প্রকাশ করে। মুঘল আমল থেকেই এই এলাকায় অমৃত কলার চাষ হয় বলে দাবি করেন জেলা কৃষি কর্মকর্তারা। ঢাকায় নিযুক্ত ২৯ জন মুঘল সুবেদার, ৪৮ জন ইংরেজ লর্ডসহ পাকিস্তান ও বাংলাদেশের শাসকদের জন্য এই অমৃতসাগর কলা সরবরাহ করা হতো। শুধু তাই নয়, রাষ্ট্রীয় অতিথিদেরও নরসিংদীর সাগর কলা দিয়ে আপ্যায়ন করা হতো। এখনও বিভিন্ন সরকারি অনুষ্ঠানে এই কলার বিশেষ চাহিদা রয়েছে বলে জানা যায়। বারোমাসি এই অমৃতসাগর কলার জন্য নরসিংদী বিখ্যাত। এ কলা নরসিংদী সদর, পলাশ, রায়পুরা, ঘোড়াশাল, শিবপুর, শিলমান্দি ও মনোহরদী উপজেলার বিভিন্ন এলাকায় চাষ করা হয়। অমৃত সাগর কলার সাথে অন্য কোনো কলার তুলনা হয় না বলে জানান কলা চাষি ও কৃষি কর্মকর্তারা। মাঝারি আকার ও হলুদ রঙের এ কলার স্বাদ ও গন্ধ অতুলনীয়। অমৃত সাগর কলা পাকলে বাগান সুগন্ধে ভরে যায়। অমৃত সাগর কলাকে `নরসিংদীর ব্র্যান্ড, হিসেবে বিবেচনা করা হয়। নরসিংদীর উপজেলা কৃষি কর্মকর্তা স্বাক্ষর চন্দ্র বণিক বিবিসি বাংলাকে বলেন, ”নরসিংদীর মাটির গুণেই এই কলার মিষ্টি গন্ধ ও মিষ্টি স্বাদ হয়। এখানকার অম্লীয় লাল মাটি এই কলা চাষের জন্য যথার্থ। যে আবহাওয়া দরকার তা শুধু নরসিংদীর মাটিতেই রয়েছে„। ”এই কলা অন্য কোনো জেলায় রোপণ করলেও নরসিংদীর অমৃত সাগর কলার মতো গন্ধ ও স্বাদের হয় না„, দাবি মি. বণিকের। শুধু নরসিংদী জেলা সদরেই ৫০ শতাংশ অমৃত সাগর কলা চাষ হয়। যে কয়টি এলাকায় এই কলার চাষ বেশি হয় তার মধ্যে শিলমান্দি ইউনিয়ন অন্যতম। এই ইউনিয়নে ৩৫০ হেক্টর জমিতে কলা চাষ হয়। আর এর ২০০ হেক্টর জমিতেই শুধু অমৃত সাগর কলা চাষ হয় বলে জানান মি. বণিক। কৃষি কর্মকর্তারা জানান, শিলমান্দি, মনোহরদি এসব ইউনিয়নের প্রতিটি বাড়ির সাথেই অমৃত সাগর কলা গাছের বাগান দেখা যায়। বাগান থেকে পাইকারি দরে এক ছড়ি কলা এখন ৯০০ টাকা করে বিক্রি হচ্ছে। এক হালি কলার দাম ৭০ থেকে ৮০ টাকা। অন্য যে কোনো কলার অমৃত সাগরের দাম ও বেশি বলে জানান কৃষি কর্মকর্তা ও কলা চাষিরা। এক সময় নরসিংদীর এই কলা এতেই জনপ্রিয় ছিল যে তা পরিবহনের জন্য বাংলাদেশ রেলওয়ের বিশেষ ট্রেন সার্ভিস চালু করা হয়। যে ট্রেনের নাম ছিল 'কলার গাড়ি'। সন্ধ্যার পর 'কলার গাড়ি'তে তুলে এসব কলা দেশের বিভিন্ন স্থানে বিক্রির জন্য পাঠানো হতো। শিলমান্দি ইউনিয়নের অধিবাসী মাসুদ ভুঁইয়া বংশ পরম্পরায় অমৃত সাগর কলা চাষ করেন। তিনি বিবিসি বাংলাকে জানান, ”বংশ পরম্পরায় প্রায় ৬০ বছর ধরে এই অমৃত সাগর কলার চাষ করি। বাবার পর এখন আমিও এই কলা চাষ করি।„ সারা বছরই এই অমৃত সাগর কলা চাষ হয় তবে, শীতকালে একটু কম হয় এই কলা।

মি. ভুঁইয়া জানান, ”একশ শতাংশের উপরে জমিতে অমৃত সাগর কলা চাষ করি। অন্য যে কোনো কলার চাইতে এটি অনেক বেশি সুস্বাদু। তবে, দেশের অন্য কোনো এলাকার মাটিতে এটি ভালো হবে না।„ ২০২৩ সালে এই অমৃত সাগর কলা ও সবজি চাষের জন্য সফল কৃষক হিসেবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে পদক পেয়েছেন মাসুদ ভুঁইয়া। নরসিংদীর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক সালাহ উদ্দিন টিপু বিবিসি বাংলাকে বলেন, ”জেলার ৫০০ থেকে ৫৬০ হেক্টর জমিতে এই অমৃত সাগর কলার চাষ হয়। আগে আরো বেশি চাষ হতো। এখন বাগান কেটে শিল্পায়নের কারণে তা কমে গেছে। আবার কেউ কেউ বেশি লাভের আশায় অন্য কলা চাষের দিকে ঝুঁকছে, শাকসবজির চাষ বেশি করছে„, জানান মি. উদ্দিন। তিনি বলেন, ”প্রতি বছর ৬০ থেকে ৭০ কোটি টাকার এই অমৃত সাগর কলা বিক্রি করা হয়। দেশের বাহিরেও রপ্তানি করা হয় এই কলা।„

**১৯৩৮** সালে ব্রিটিশ শাসনামলে গোপালগঞ্জের তৎকালীন মুনসেফ আদালত এলাকা, বর্তমান সাব-রেজিস্টার কার্যালয়ের সামনে একটি আমগাছের নিচে বসন্ত কুমার দত্ত এই রসগোল্লার ব্যবসা শুরু করেন। ছোট্ট একটা ঘরে বসন্ত

কুমার তার ১৪ বছরের ছেলে সুধীর কুমার দত্তকে নিয়ে মিষ্টি তৈরি শুরু করেন। স্বাদের কারণে সে সময়ই এই রসগোল্লা সাড়া ফেলে। দত্ত মিষ্টান্ন ভাণ্ডারের মালিক সবুজ দত্ত বিবিসি বাংলাকে বলেন, "তিন প্রজন্ম ধরে এই ব্যবসা চলছে। না খেলে এর বিশেষত্ব বোঝা মুশকিল। ঠাকুরদাদা বসন্ত কুমার দত্তের হাত ধরে ব্যবসা শুরু। পরে বাবা সুধীর কুমার দত্ত এতে নিয়োজিত হন"। "২০১৯ সালে বাবা সুধীর কুমার দত্ত মারা যাওয়ার পর পৈত্রিক ব্যবসায় রয়েছেন তিন ভাই" জানান মি. সবুজ দত্ত। এই রসগোল্লার বৈশিষ্ট্য কী? জানতে চাইলে মি. দত্ত জানান, "অনেক তুলতুলে, হাল্কা মিষ্টির জন্য এটি বেশ বিখ্যাত। মুখে দিলে নিমেষেই এটি মিলিয়ে যায় অর্থাৎ মুখে লেগে থাকে না, এতো মোলায়েম হয়„। "মিষ্টি তৈরিতে যতটুকু চিনি না দিলেই নয় শুধু ততটুকুই দেয়া হয়, বাকিটা দুধের ঘনত্বের কারণে মিষ্টি হয়। মিষ্টি তৈরিতে কোনো সুজি, রং বা পাউডারের দুধ ব্যবহার করা হয় না„ জানান মি. দত্ত। একটাই শোরুম রয়েছে এই দত্ত মিষ্টান্ন ভান্ডারের। বর্তমানে গোপালগঞ্জের কোর্ট চত্বরের কাছে ডিসি মার্কেটে এই দোকানটির অবস্থান। কেজি হিসেবে নয় বরং পিস হিসেবে এই রসগোল্লা বিক্রি হয় বলে জানান মি. দত্ত। "ছোট, বড় দুই সাইজেই পাওয়া যায় এই রসগোল্লা। প্রতিদিন ৫০০ পিসেরও বেশি রসগোল্লা তৈরি করা হয়। তবে, চাহিদা থাকলে আরো বেশিও তৈরি করতে হয়„ বলেন মি. সবুজ দত্ত। প্রতি পিস রসগোল্লা দশ টাকা করে বিক্রি করা হয়। যারা এই দত্তের মিষ্টান্ন ভাণ্ডারে কারিগর তাদের কেউ কেউ ২০-৩০ বছর ধরে কাজ করছেন বলে জানা যায়। অন্য স্থানের রসগোল্লার সাথে এর পার্থক্য স্বাদ ও মান দুই ক্ষেত্রেই বলে দাবি করেন মি. দত্ত। তিনি বলেন, বিভিন্ন জায়গা থেকেও লোকজন এই রসগোল্লা খেতে আসেন, নিয়েও যান। একই সাথে রাষ্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠানসহ স্থানীয় বিভিন্ন অনুষ্ঠানেও এর ব্যাপক চাহিদা রয়েছে। ২০১৯ সালে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত রবার্ট মিলার গোপালগঞ্জ সফরে যান। সে সময় তিনি তার স্ত্রীকে নিয়ে এই দত্ত মিষ্টান্ন ভাণ্ডারের মিষ্টি খেতে সেখানে যান।

এছাড়া, ২০২২ সালে জেলা প্রশাসকের মাধ্যমে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য ২০ কেজি ছানার সন্দেশ পাঠানো হয়। আন্তর্জাতিক মেধাস্বত্ব বিষয়ক সংস্থা 'ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস অর্গানাইজেশনে'র (ডব্লিউআইপিও) নিয়ম মেনে বাংলাদেশের শিল্প মন্ত্রণালয়ের অধীনে পেটেন্টস, ডিজাইন এবং ট্রেডমার্ক বিভাগ (ডিপিডিটি) জিআই স্বীকৃতি ও সনদ দিয়ে থাকে। ডিপিডিটির তথ্য অনুযায়ী, রংপুরের হাড়িভাঙ্গা আম, নরসিংদীর লটকন, যশোরের খেজুর গুড়, জামালপুরের নকশী কাঁথা, মধুপুরের আনারস, সুন্দরবনের মধু, শেরপুরের ছানার পায়েস, নওগাঁর নাগ ফজলি আম-সহ আরো মোট ১৩টি পণ্য জিআই বা ভৌগোলিক নির্দেশক সনদ প্রাপ্তির তালিকায় রয়েছে। কোনও দেশের পরিবেশ, আবহাওয়া ও সংস্কৃতি যদি কোনও একটি পণ্য উৎপাদনে ভূমিকা রাখে; সেই সাথে, ভৌগোলিকভাবে ও ঐতিহ্যগতভাবে যে পণ্যগুলোকে `নিজস্ব, হিসেবে সংজ্ঞায়িত করা যায়, তাহলে সেটিকে ওই দেশের `ভৌগোলিক নির্দেশক পণ্য, হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। যে সব পণ্য এই স্বীকৃতি পায়, সেগুলোর মাঝে ভৌগোলিক গুণ, মান ও স্বতন্ত্র বৈশিষ্ট্য থাকে। একটা পণ্য যখন জিআই স্বীকৃতি পায়, তখন সেটিকে বিশ্বব্যাপী ব্র্যান্ডিং করা সহজ হয়। তখন দেশে বিদেশে ঐ পণ্যগুলোর একটি আলাদা কদর থাকে। শুধু তাই নয়, সনদ প্রাপ্তির পর ওই অঞ্চল বাণিজ্যিকভাবে পণ্যটি একাধারে উৎপাদন করার অধিকার এবং আইনি সুরক্ষা পায়। অন্য কোনও দেশ বা অন্য কেউ তখন আর এই পণ্যের মালিকানা বা স্বত্ব দাবি করতে পারে না। (বিবিসি ওয়েব পেজ:১২.০২.২০২৪ রিহাব)

## চলতি সপ্তাহেই ফেরত পাঠানো হচ্ছে পালিয়ে আসা বার্মিজ সৈন্যদের?

মিয়ানমারের অভ্যন্তরের সংঘাতের মধ্যে পালিয়ে আসা দেশটির বর্ডার গার্ড সদস্যদের নিজ দেশে ফেরত পাঠানোর প্রস্তুতি সম্পন্ন করেছে বাংলাদেশ। যদিও পররাষ্ট্র মন্ত্রী সঠিক কোন দিন তারিখ জানাননি, তবে সরকারের একাধিক কর্মকর্তা বিবিসিকে নিশ্চিত করেছে এ সপ্তাহের মধ্যেই পাঠানো হচ্ছে তাদের। পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ সোমবার এক সংবাদ সম্মেলনে জানান, "মিয়ানমার সেনাদের খুব শিগগিরই ফেরানোর বিষয়ে কাজ চলছে„। তবে, নিরাপত্তাজনিত কারণে দিনক্ষণ প্রকাশ করেননি তিনি। বিবিসি বাংলাকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান, কক্সবাজার-সেন্টমার্টিন অঞ্চলের নৌ রুট দিয়েই তাদের পাঠানোর প্রক্রিয়া চলছে। এবং সেটি এই সপ্তাহের মধ্যেই হতে পারে। নাম প্রকাশে অনিচ্ছুক কক্সবাজারে দায়িত্বরত একজন সরকারি কর্মকর্তা বিবিসিকে জানিয়েছেন ১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবারই পাঠানো হতে পারে আটককৃত মিয়ানমার বাহিনীর সবাইকে। যদিও তাদের ফেরত পাঠানো প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা নিয়ে কিছু প্রশ্ন দেখা যাচ্ছে। পররাষ্ট্র মন্ত্রণালয় বলছে, `জলসীমা ব্যবহার করে কোনো জাহাজ অন্য দেশে প্রবেশের ক্ষেত্রে কিছু নিয়ম ও প্রটোকলের বিষয় আছে,। সেই প্রক্রিয়া শেষ হলেই পরবর্তী কার্যক্রম শুরু হবে বলেও জানাচ্ছে মন্ত্রণালয়। এদিকে, উখিয়ার হাইক্যাং সীমান্ত ও লম্বার বিল এলাকায় সোমবার ভোর থেকে সকাল পর্যন্ত থেমে থেমে গোলাগুলির শব্দ পেয়েছেন সীমান্তের বাসিন্দারা। এমন পরিস্থিতিতে নাইক্ষ্যংছড়ির ঘুমধুমের একটি এসএসসি পরীক্ষার পরীক্ষার কেন্দ্র পরিবর্তন করেছে চট্টগ্রাম শিক্ষাবোর্ড। সীমান্তের স্থলভাগ পাড়ি দিয়ে বাংলাদেশে অনুপ্রবেশ করেছিল মিয়ানমারের বিজিপি ও সেনাবাহিনীর কয়েকজন সদস্য। তারা সীমান্তের যেসব এলাকা দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছিলো এখন সে সমস্ত বিদ্রোহী আরাকান আর্মির দখলে। গত ৪ঠা ফেব্রুয়ারি থেকে বিজিপি সদস্য-সহ ৩৩০ জন মিয়ানমারের নাগরিক বাংলাদেশে প্রবেশ করেন। তাদেরকে নিজ দেশে ফেরত পাঠাতে তাই

মিয়ানমার সরকারের সাথে গত সপ্তাহ থেকে যোগাযোগ শুরু করে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। দিল্লী সফর শেষে দেশে ফিরে সোমবার সংবাদ সম্মেলন করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, ”মিয়ানমারে অভ্যন্তরীণ সংঘাতের কারণে এই রিজিওনে সংকট তৈরি হয়েছে। দেশের জন্য নিরাপত্তা হুমকি তৈরি হয়েছে।„ মি. মাহমুদ বলেন, ”মিয়ানমার থেকে যে সব বর্ডার সিকিউরিটি গার্ড, সেনাবাহিনী এবং তাদের পরিবারের সদস্যরা এসেছেন সহসাই আমরা তাদের ফেরত পাঠাব। তবে, সিকিউরিটি ইস্যুর কারণে আমরা দিনক্ষণ বলতে চাই না।„

দুই দেশের মধ্যে এখন পর্যন্ত যে আলোচনা হয়েছে তার ওপর ভিত্তি করে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় জানাচ্ছে মিয়ানমার থেকে পালিয়ে আসা তাদের বাহিনীকে ফেরত পাঠাতে দুই দেশের সব প্রক্রিয়া প্রায় শেষের পথে। এই বিষয়টি নিয়ে স্থানীয়দের মধ্যে নানা গুঞ্জনও রয়েছে। কেউ কেউ বলছেন, তাদের ফেরত পাঠাতে কতদিন লাগতে পারে এ নিয়ে কারো তেমন কোনো ধারণাও নেই। এমন অবস্থায় বিবিসি বাংলা কথা বলেছে আইনশৃঙ্খলা বাহিনীর বিভিন্ন দপ্তরের সাথে। পররাষ্ট্র মন্ত্রণালয় জানাচ্ছে, বাংলাদেশে আশ্রয় গ্রহণ করা মিয়ানমারের নাগরিকদের নৌপথে টেকনাফ সীমান্ত অঞ্চল থেকে ফেরত পাঠানোর বিষয়েই কথা হয়েছে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে। তাদের পাঠানোর পুরো প্রক্রিয়াটি বেশ কিছু ’সেইফটি ও সিকিউরিটি’ ধাপ অনুসরণ করে করার কথাও জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। সরকারী একটি গোয়েন্দা সংস্থার একজন কর্মকর্তা বিবিসি বাংলাকে বলেন, ”মিয়ানমার থেকে যে জাহাজটি আসবে সেটি অবস্থান করবে বাংলাদেশ মিয়ানমার জলসীমার মাঝ সমুদ্রে। কারণ হিসেবে তিনি বলছেন, ”এখানে সিকিউরিটির বিষয় যেমন আছে তেমনি সার্বভৌমত্বের বিষয়ও জড়িত আছে। এটার সিদ্ধান্ত এমনই হয়েছে।„ বিভিন্ন গোয়েন্দা রিপোর্টের ওপর ভিত্তি করেই এই ধরনের সিদ্ধান্ত নেয়া হয়েছে বলেও জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঐ কর্মকর্তা বিবিসি বাংলাকে বলেন, ”বিজিবির হাতে আটককৃত সবাইকে একই সাথে এক জাহাজেই পাঠানোর পরিকল্পনা রয়েছে। নৌরুটে যাওয়ার ক্ষেত্রে কিছু প্রটোকল রয়েছে। এই প্রটোকল শেষেই তাদেরকে হস্তান্তর করা হবে„।

কি ধরনের প্রটোকল? জানতে চাইলে ওই কর্মকর্তা বলেন, ”ইন্টারন্যাশনাল ওয়াটার টেরিটোরিতে আসা বা যাওয়ার ক্ষেত্রে কিছু প্রটোকল আছে। এ জন্য আগে থেকে মিয়ানমারকে কিছু ইনফরমেশন দিতে হবে। আমাদেরও কিছু ইনফরমেশন দিতে হবে। আমাদের যে ইনফরমেশনটা ওরা দিয়েছে, আমরা সেটা অ্যাসেস করছি।„ ফেরত নিতে আসা জাহাজ কবে-কীভাবে আসবে? কোথায় নোঙ্গর করবে, সেই স্থানের গভীরতা কত সব বিষয়গুলো পর্যবেক্ষণ করা হবে। টেকনিক্যাল এই বিষয়গুলো দেখভাল করবে বাংলাদেশ নৌ বাহিনী। পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার ওই কর্মকর্তা বিবিসি বাংলাকে বলেন, ”তারা যে জাহাজে আসবে সেই জাহাজের ক্রু কারা থাকবে, সেখানে কর্মকর্তা কারা থাকবে, সেগুলো আগে থেকেই আমাদের জানাতে হবে। এখন সেই প্রক্রিয়াগুলো চলছে দুই দেশের মধ্যে। আমরা তাদের কাছে সেই বিষয়গুলো জানতে চেয়েছি। তারা আমাদের সেগুলো সম্পর্কে তথ্য দিচ্ছে। সেই অ্যাসেসমেন্ট শেষেই তাদের ফেরত পাঠানোর কাজ শুরু হবে„।

বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বলছে, বাংলাদেশে মিয়ানমার দূতাবাসের মাধ্যমেই এই পুরো প্রক্রিয়া চলমান রয়েছে। শিগগিরই তার বাস্তবায়নের কথাও বলছেন তারা। গত চৌঠা ফেব্রুয়ারি থেকে সাতই ফেব্রুয়ারি পর্যন্ত বাংলাদেশে পালিয়ে আশ্রয় নিয়েছে মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের অন্তত ৩২৮ জন। পরের দিন বৃহস্পতিবার প্রবেশ করে আরও দুই জন। এখন পর্যন্ত বিবিজি যে তথ্য দিচ্ছে সে অনুযায়ী ৩৩০ জন বিজিপি, মিয়ানমার সেনাবাহিনী ও সরকারি কর্মকর্তা আশ্রয় নিয়েছে বাংলাদেশের অভ্যন্তরে। এরমধ্যে সবচেয়ে বড় অংশটি আসে গত ৮ই ফেব্রুয়ারি মঙ্গলবার। ঐদিন কক্সবাজারের উখিয়া উপজেলার পালংখালী ইউনিয়নের রহমতের বিল সীমান্ত এলাকা থেকে বাংলাদেশে অনুপ্রবেশ করে। গ্রামবাসীদের সহায়তায় তারা আশ্রয় নেয় রহমতের বিল এলাকায়। সেই সংখ্যা ছিল ১১১ জন। তাদের মধ্যে বাহিনীটির পদস্থ কর্মকর্তাও ছিলেন। প্রথমে তাদের রাখা হয়েছিলো রহমতের বিল সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে। অস্ত্রমুক্ত ও সব প্রক্রিয়া শেষ করে তাদের রাখা হয়েছিলো বান্দরবনের নাইক্ষ্যংছড়ির তুমব্রু সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে। দু,দিন সেখানে রাখার পর বৃহস্পতিবার তাদেরকে সেখান থেকে সরিয়ে নেয়া হয় কক্সবাজারের টেকনাফের হ্নীলা উচ্চ বিদ্যালয়ে। কক্সবাজারের পুলিশ সুপার মো. মাহফুজুল ইসলাম বিবিসি বাংলাকে জানান, তুমব্রুর যে স্কুলটিকে তাদের রাখা হয়েছিলো সেটি সীমান্তের খুব কাছকাছি ছিলও। তাই সেখানে নিরাপত্তাজনিত কিছু বিষয় ছিল। পরবর্তীতে তাদের টেকনাফের হ্নীলা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে নেয়া হয়েছে। তাদের মধ্যে মিয়ানমারের সীমান্ত রক্ষী বাহিনী (বিজিপি), সেনাবাহিনী, ইমিগ্রেশন সদস্য, পুলিশ-সহ তাদের পরিবারের সদস্যদেরও পেয়েছেন বিবিসি বাংলার সংবাদদাতা। তাদের মধ্যে অন্তত দুই জন নারী ও ৩ জন শিশুও রয়েছে। ঘুমধুম সীমান্ত থেকে অন্তত দুটি জায়গায় আগুন জ্বলতে দেখার কথা জানিয়েছে স্থানীয় বাসিন্দারা। স্থানীয় সাংবাদিক আজিম নিহাদ বিবিসি বাংলাকে জানান, হোয়াইক্যং ইউনিয়নের লম্বা বিল ও উনচিপ্রাং সীমান্তের ওপারে নাফ নদে একটি ছোট দ্বীপ রয়েছে। ওটা তোতারদিয়া দ্বীপ নামে পরিচিত। ওই দ্বীপের কাছাকাছি মিয়ানমারের চাকমাকাটা, কোয়াংচিমন ও কুমিরখালী এলাকায় বিজিপির ঘাঁটি দখলে নিতে যুদ্ধ চলছে। এর জের ধরে দ্বীপে থাকা কিছু রোহিঙ্গাদের নাফ নদীতে

নেমে যেতে দেখা গেছে। তিনি বিবিসিকে জানান, হ্যোয়াইক্যং-তোতারদিয়া সীমান্তে অস্ত্রধারী বেশ কয়েকজনকে দেখা যাচ্ছে। আরাকান আর্মি ও আরএসও এক সাথে অবস্থান করছে। তবে ধারণা করা হচ্ছে, ওই দ্বীপে কিছু রোহিঙ্গা অবস্থান নিয়েছে; যারা অনুপ্রবেশ করতে পারেন। তবে বিজিবি ও কোস্টগার্ডের কঠোর নজরদারি দেখা যাচ্ছে। ঠিক এই এলাকা থেকে চলে গেছে নির্মাণাধীন সীমান্ত সড়ক। এই সড়কটি পড়েছে বাংলাদেশ অংশেই। এতদিন এখানে বিজিবির টহলও দেখা যেতো। আজিম নিহাদ জানান, সোমবার সকালে ঐ রাস্তায় অস্ত্র হাতে যাদের দেখা গেছে। ধারণা করা হচ্ছে তারা আরাকান আর্মি ও রোহিঙ্গা সংগঠন আরএসও সদস্য। মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাতকে কেন্দ্র করে সীমান্ত পরিস্থিতি বিবেচনায় বান্দরবনের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুমের একটি স্কুলের এসএসসি পরীক্ষার কেন্দ্র পরিবর্তন করা হয়েছে। সোমবার চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এ এম এম মুজিবুর রহমানের স্বাক্ষর করা এক নোটিশে এ তথ্য জানানো হয়।

ঘুমধুম উচ্চ বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দেয়ার কথা ছিল ৪৬১ জনের। চট্টগ্রাম বোর্ডের নোটিশে জানানো হয়, ঘুমধুম উচ্চ বিদ্যালয়ের বিকল্প হিসেবে নির্ধারণ করা হয়েছে ১নং উত্তর ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ২নং উত্তর ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয়। এরমধ্যে ১নং উত্তর ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আসন সংখ্যা ৪২৫ এবং ২নং উত্তর ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আসন সংখ্যা ২০০। নোটিশে বলা হয়, সম্প্রতি মায়ানমারের অভ্যন্তরে চলমান সংঘর্ষের কারণে নিরাপত্তাজনিত ঝুঁকি থাকায় এসএসসি পরীক্ষা ২০২৪-এর বিদ্যমান কেন্দ্রের বিকল্প ভেন্যু হিসেবে নিম্নলিখিত প্রতিষ্ঠান ব্যবহারের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হল। সোমবার ঘুমধুম ও উখিয়া এলাকার পরিস্থিতি পর্যবেক্ষণে আসেন চট্টগ্রামের বিভাগীয় কমিশনার মো. তোফায়েল ইসলাম। তিনি জানান, পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক হয়ে ওঠেনি এখনো। তাই শিক্ষার্থী ও শিক্ষকদের নিরাপত্তার কথা চিন্তা করেই এসএসসি পরীক্ষা কেন্দ্রটি সরিয়ে নেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। মিয়ানমারে সংঘাতের মধ্যে বাংলাদেশের ক্যাম্প ছেড়ে রাখাইনে যাওয়া এবং পরে অস্ত্রসহ ফিরে আসা ২৩ রোহিঙ্গার মধ্যে ২২ জনকে জিজ্ঞাসাবাদের জন্য রিমান্ডে পেয়েছে পুলিশ। সোমবার দুপুরে কক্সবাজারের আদালতে আটককৃতদের শুনানি শেষে তিনদিন করে রিমান্ড মঞ্জুর করেন।

গত ছয়ই ফেব্রুয়ারি কক্সবাজারের উখিয়া সীমান্তের বিভিন্ন স্থান দিয়ে বিজিপি সদস্যদের পাশাপাশি ২৩ জন রোহিঙ্গা বাংলাদেশে ঢুকে পড়ে। পরে তাদের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা করে বিজিবি। কক্সবাজারের জেলা পুলিশ সুপার মো. মাহফুজুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, তারা কেন কী কারণে ওই পাশে গিয়েছিল তা জানতে চাইবে পুলিশ। তারা যে অস্ত্র হাতে বাংলাদেশে ছিল সেটি কোনো বৈধ অস্ত্র ছিলও না, তাই তাদের বিরুদ্ধে মামলা হয়েছে। পুলিশ জানিয়েছে, আটককৃত ২৩ জন রোহিঙ্গার সবাই উখিয়ার বালুখালী ও কুতুপালং ক্যাম্পের বাসিন্দা। ঐ ঘটনায় তাদের কাছ থেকে ১২টি অস্ত্র বিপুল পরিমান গোলাবারুদ উদ্ধার করেছিল বিজিবি। পরে মঙ্গলবারই তাদেরকে হস্তান্তর করা হয় পুলিশের কাছে। স্থানীয়রা জানান তাদের সবাই রোহিঙ্গা সংগঠন আরসা ও আরএসও এর সদস্য।

(বিবিসি ওয়েব পেজ:১২.০২.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### গত অর্থবছরে বিপিডিবির লোকসান ৪৭ হাজার ৭৮৮ কোটি ১৭ লাখ টাকা

বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন ব্যয় এবং বিক্রয় থেকে আহরিত রাজস্বের মধ্যে ব্যবধান বিস্তর। গত ২০২২-২৩ অর্থবছরে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বিপিডিবি,র লোকসান হয়েছে ৪৭ হাজার ৭৮৮ কোটি ১৭ লাখ টাকা। এই সমস্যা সমাধানে সঠিক বিকল্প বেছে নেয়ার ক্ষেত্রে দ্বিধাদ্বন্দ্বে রয়েছেন নীতি নির্ধারকরা। রাষ্ট্রীয় মালিকানাধীন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (বিপিডিবি) একজন শীর্ষ কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, ”বিদ্যুতের দাম আরো বাড়ানো উচিত, নাকি ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে আরো বন্ড ইস্যু করা উচিত, তা নিয়ে শীর্ষ নীতিনির্ধারকরা বিভক্ত।„ এই কর্মকর্তা আরো জানান, সরকার যদি বিদ্যুতের দাম বাড়াতে চায়, তাহলে রমজানের আগে বাড়াতে হবে; তা না হলে রমজানের পর দাম বাড়ানোর উদ্যোগ নিতে হবে। বিষয়টি প্রায় প্রতিদিনই নীতিনির্ধারণী পর্যায়ে আলোচিত হচ্ছে। বিপিডিবি,র লোকসানের ক্রমবর্ধমান বোঝা কমাতে তারা আরো বন্ড ইস্যু করার প্রভাব বিশ্লেষণ করছেন। সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে, বর্তমানে প্রতি ইউনিট বিদ্যুতের উৎপাদন খরচ ১২ টাকা; বিক্রি হচ্ছে গড়ে ৬ দশমিক ৭০ টাকা দরে। বিপিডিবির আরেক জন শীর্ষ কর্মকর্তা বলেন, ”এর মানে হলো, সরকারকে প্রতি ইউনিটে ৫ দশমিক ৩ টাকার অতিরিক্ত বোঝা বহন করতে হচ্ছে।„ গত ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে দেখা যায়, বিপিডিবি ঐ অর্থবছরে মোট ৯৮ হাজার ৬৪৬ কোটি ৪২ লাখ টাকা ব্যয় করে, ৮৭ হাজার ২৪ মিলিয়ন কিলোওয়াট ঘণ্টা বিদ্যুৎ উৎপাদন করেছে। প্রতি ইউনিটের উৎপাদন খরচ হয়েছে ১১ দশমিক ৩৩ টাকা। প্রতি ইউনিট বিদ্যুৎ বিক্রি হয়েছে ৬ দশমিক ৭০ টাকা করে; এতে, লোকসান হয়েছে ইউনিট প্রতি ৪ দশমিক ৬৩ টাকা। সর্বশেষ গত বছরের জানুয়ারিতে পাইকারি শুল্ক ৮ দশমিক ০৬ শতাংশ বাড়িয়ে প্রতি ইউনিটের দাম ৬ দশমিক ২০ টাকা থেকে থেকে ৬ দশমিক ৭০ টাকা করা হয়। এই দাম কার্যকর হয় একই বছরের ফেব্রুয়ারি থেকে। এর বিপরীতে প্রতিষ্ঠানটির রাজস্ব আয় হয়েছে ৫০ হাজার ৮৫৮ কোটি ২৫ লাখ টাকা। লোকসান হয়েছে ৪৭ হাজার ৭৮৮ কোটি ১৭ লাখ টাকা। এই বিশাল লোকসানে সরকার

বিপাকে পড়েছে। অন্যদিকে, বেসরকারি খাতের বিদ্যুৎ উৎপাদনকারীদের কাছ থেকে ৮২ হাজার ৭৭৮ কোটি ২৫ লাখ টাকার বিদ্যুৎ কিনতে হচ্ছে সরকারকে। আর, একই সময়ে, নিজস্ব বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র থেকে ১৩ হাজার ৩০৬ কোটি ৬২ লাখ টাকার বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। বার্ষিক প্রতিবেদনে দেখা যায়, বিপিডিবির নিজস্ব কেন্দ্রে গড়ে প্রতি ইউনিট উৎপাদন খরচ ৭ দশমিক ৬৩ টাকা। স্বতন্ত্র উৎপাদন প্রতিষ্ঠান (আইপিপি) থেকে বিদ্যুৎ পাওয়া যায় প্রতি ইউনিট ১৪ দশমিক ৬২ টাকা দরে। আর, রেন্টাল কেন্দ্র থেকে বিদুৎ নিতে হয় ১২ দশমিক ৫৩ টাকায়। পাবলিক প্লান্টে খরচ হয় প্রতি ইউনিট ৬ দশমিক ৮৫ টাকা এবং ভারত থেকে আমদানি করা বিদ্যুতের খরচ প্রতি ইউনিট ৮ দশমিক ৭৭ টাকা। সরকার বেসরকারি খাত ও ভারত থেকে ডলারে বিদ্যুৎ কেনে। সরকারি সূত্রে জানা গেছে, সরকারের জমা হওয়া বকেয়া বিল এখন প্রায় ৫০০ কোটি ডলারে দাঁড়িয়েছে। এরমধ্যে, বিদ্যুৎ খাতে বকেয়ার পরিমাণ প্রায় ৪০০ কোটি ডলার (প্রায় ৪৩ হাজার ৯৩ কোটি টাকা) এবং বাকি ১০০ কোটি ডলার বকেয়া হয়েছে জ্বালানি খাতে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ সংকটের এই ভয়াবহতার কথা স্বীকার করেছেন। তিনি বলেন, ”আসলে সংকটটা স্থানীয় মুদ্রার নয়। যেভাবেই হোক আমরা একটা ব্যবস্থা করতে পারব। তবে মূল সংকট ডলার নিয়ে। আমরা বাংলাদেশ ব্যাংক থেকে আমাদের চাহিদা অনুযায়ী ডলার পাচ্ছি না।„ নসরুল হামিদ আরো বলেন, বিদ্যুৎ ও জ্বালানি খাতের ঋণ পরিশোধের জন্য প্রতি মাসে কমপক্ষে ১০০ কোটি ডলার প্রয়োজন। এমন পরিস্থিতিতে বিপিডিব,র কিছু পাওনা পরিশোধের সুবিধার্থে সরকার সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে বেশ কয়েকটি বন্ড চালু করেছে। নাম প্রকাশ না করার শর্তে বিপিডিবির এক কর্মকর্তা বলেন, ”প্রাথমিকভাবে আমরা ৫ হাজার কোটি টাকার বন্ড ছেড়েছি এবং এটি বেড়ে ১২ হাজার কোটি টাকা পর্যন্ত হতে পারে।„ তিনি আরো বলেন, এজন্য সরকারকে বিদ্যুতের দাম আরো বাড়াতে হবে বা আরো বন্ড চালু করতে হবে। ”যদি আরো বন্ড চালু করা হয়, তবে এটি ব্যাংকিং খাত থেকে বেসরকারি খাতের আমানতের ওপর চাপ বাড়াতে পারে; বলেন এই কর্মকর্তা তবে নীতি নির্ধারকরা কী করবেন, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত এখনো ঝুলে রয়েছে; যোগ করেন বিপিডিবি,র কর্মকর্তা।
(ভোয়া ওয়েব পেজ : ১২.০২.২০২৪ এলিনা)

## সীমান্ত হত্যা শূন্যের কোটায় নামিয়ে আনতে ঢাকা ও দিল্লি একমত : পররাষ্ট্রমন্ত্রী

সীমান্ত হত্যা শূন্যের কোটায় নামিয়ে আনতে ঢাকা ও দিল্লি একমত হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সোমবার (১২ ফেব্রুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে, তার দিল্লি সফর নিয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। সীমান্ত হত্যা কমাতে, `প্রাণঘাতী নয়, এমন অস্ত্র ব্যবহারে ঢাকা ও দিল্লি একমত হয়েছে বলে জানান হাছান মাহমুদ। বলেন, ”প্রাণঘাতী নয় এমন অস্ত্র ব্যবহার করা হলে সীমান্ত হত্যা হবে না বলে আমি এবং ভারতের পররাষ্ট্রমন্ত্রী একমত হয়েছি।„ বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী জানান, ভারতের পররাষ্ট্রমন্ত্রী ও জাতীয় নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়েছে। এ ছাড়া, মিয়ানমার ও রোহিঙ্গা ইস্যু, নিরাপত্তাসহ নানা বিষয়ে আলোচনা হয়েছে; জানান হাছান মাহমুদ। তিনি জানান, ভারতের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ২০২৬ সালে গঙ্গা চুক্তি নবায়ন, তিস্তার পানিবণ্টন, জনগণের সঙ্গে জনগণের যোগাযোগ ও বাণিজ্য বৃদ্ধি, মিয়ানমার ও রোহিঙ্গা ইস্যুসহ নানা সহযোগিতার ক্ষেত্র নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। ড. হাছান মাহমুদ আরো বলেছেন, ভারতের নেতারা বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা করেছেন। শেখ হাসিনার নেতৃত্বে গত ১৫ বছরে অর্থনৈতিক, সামাজিক ও মানব উন্নয়নের সব সূচকে বাংলাদেশে অভাবনীয় উন্নতি হয়েছে বলে উল্লেখ করেছেন ভারতের নেতারা। ”একই সঙ্গে নারীর রাজনৈতিক ক্ষমতায়নে এখন আমরা বিশ্বে পঞ্চম ও এশিয়া-ওশেনিয়া অঞ্চলে দ্বিতীয়। ভারতের নেতারা এ অগ্রগতির প্রশংসা করেছেন এবং একসঙ্গে কাজের আগ্রহ ব্যক্ত করেছেন;„ জানান হাছান মাহমুদ। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী তার সফরের প্রথম দিন, ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কর ও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের সঙ্গে বৈঠক করেন। শেষ দিনে তিনি ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর, রাজ্যসভার লিডার অফ দ্য হাউস এবং বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গয়ালের সঙ্গে বৈঠক করেছেন। পররাষ্ট্রমন্ত্রী জানান ”ভারতের রাষ্ট্রপতিকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছি। তিনি আমন্ত্রণ গ্রহণ করেছেন। এ বিষয়ে প্রধানমন্ত্রীকে জানিয়েছি। আনুষ্ঠানিকভাবে ভারতের রাষ্ট্রপতিকে আমন্ত্রণ পত্র পাঠানোর কাজ চলছে।„

রমজানের আগে ভারতকে ৫০ হাজার টন পেঁয়াজ ও ১ লাখ টন চিনি পাঠানোর অনুরোধ করেছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। সংবাদ সম্মেলনে তিনি জানান, ”দিল্লিতে ভারতের বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গয়ালের সঙ্গে বৈঠকে রমজানের আগে ৫০ হাজার মেট্রিক টন পেঁয়াজ এবং ১ লাখ মেট্রিক টন চিনি রপ্তানি করতে অনুরোধ করেছি।„ ”ভারতের বাণিজ্যমন্ত্রী এই অনুরোধ ইতিবাচকভাবে নিয়েছেন। এর আগে তারা ২০ হাজার মেট্রক টন পেঁয়াজ এবং ১০ হাজার মেট্রিক টন চিনি রপ্তানির প্রতিশ্রুতি দিয়েছিলো;„ যোগ করেন হাছান মাহমুদ। তিনি আরো বলেন, ”আমরা অনেক ভোগ্যপণ্যের জন্য ভারতের ওপর নির্ভরশীল। বিশেষ করে, পেঁয়াজ, চিনি, ডাল ও কিছু মসলা জাতীয় পণ্য। ভারতের বাণিজ্যমন্ত্রীর সঙ্গে এসব বিষয় নিয়ে আলোচনা করেছি।„ নাফ নদীর তীরে অনেক রোহিঙ্গারা অপেক্ষা করছে, তাদের জন্য বর্ডার খুলে দেয়া হবে কি না; এমন প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেন, ”ইতোমধ্যে আমাদের দেশে

রোহিঙ্গা আছে ১২ লাখ। আর রোহিঙ্গাদের কারণে আমাদের দেশে বিভিন্ন ধরনের সমস্যা তৈরি হয়েছে।„ তিনি জানান, পরিবেশগত সমস্যা, নিরাপত্তাজনিত সমস্যা, মাদকজনিত সমস্যাসহ অন্যান্য সমস্যা সৃষ্টি হয়েছে বাংলাদেশে। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী প্রশ্ন করেন, ”আমাদের পক্ষে কি আরো রোহিঙ্গা আশ্রয় দেয়া সম্ভব?„ তিনি বলেন, ”মিয়ানমারে রোহিঙ্গাদের নিয়েই সংঘাত চলছে তা তো নয়। সেখানে নানা জাতিগোষ্ঠী আছে। তাদের মধ্যে নানা সমস্যা চলছে। সেই সংঘাতের উত্তাপের কারণে আমাদের দেশে আমরা নানা ধরনের সমস্যায় পড়ব; সেটি কি সঙ্গত?„মিয়ানমার ইস্যুতে ভারত সফরে বিস্তারিত আলোচনা হয়েছে উল্লেখ করেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। তিনি বলেন, ”মিয়ানমারে এখন যে সংঘাত চলছে সেই সংঘাতের কারণে, আমাদের অঞ্চলে সংকট তৈরি হয়েছে, নিরাপত্তা সংকট তৈরি হয়েছে। সে বিষয়গুলো নিয়ে আলোচনা করেছি।„ ”বিশেষ করে মিয়ানমার থেকে যেসব রোহিঙ্গাদের বিতাড়িত করা হয়েছে, তাদের নাগরিক অধিকার দিয়ে সেখানে ফেরত নেয়ার বিষয়ে ভারতের সহায়তা কামনা করেছি;„ জানান হাছান মাহমুদ। মিয়ানমার ইস্যুতে ভারত ও বাংলাদেশ কীভাবে একসঙ্গে কাজ করবে; এ প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী হাছান বলেন, ”আমরা তাদের সঙ্গে বর্ডার শেয়ার করি। সুতরাং মিয়ানমারে যদি কোনো পরিস্থিতি সৃষ্টি হয়, তাহলে তা আমাদের দেশকে যেভাবে ক্ষতিগ্রস্ত বা উদ্বিগ্ন করে, ভারতকেও উদ্বিগ্ন করে।„ ”সুতরাং, দুই দেশেরই যেহেতু উদ্বেগ এক অভিন্ন প্রতিবেশিকে নিয়ে, তাই আমাদের একসঙ্গে কাজ করার অনেক বিষয় রয়েছে;„ বলেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। (ভোয়া ওয়েব পেজ : ১২.০২.২০২৪ এলিনা)

## মানবতাবিরোধী অপরাধে শেরপুরের ৩ জনের যাবজ্জীবন কারাদণ্ড

একাত্তরের মানবতা বিরোধী অপরাধের দায়ে, বাংলাদেশের শেরপুর জেলার নকলা উপজেলার তিন রাজাকার সদস্যকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল। এই মামলার এক অভযুক্ত বিচার চলাকালে মারা যান। সোমবার (১২ ফেব্রয়ারি) বিচারপতি মো. শাহিনুর ইসলামের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল এ রায় দেয়।

তিন রাজাকার সদস্য হলেন; এ কে এম আকরাম হোসেন, এস এম. আমিনুজ্জামান ফারুক ও মোখলেছুর রহমান ওরফে তারা। মানবতাবিরোধী অপরাধের মামলায় তাদের যাবজ্জীবন সাজার রায় হওয়ায়, সন্তোষ প্রকাশ করেছেন নকলার মুক্তিযোদ্ধারা। আদালতে রাষ্ট্রপক্ষে মামলা পরিচালনা করেন প্রসিকিউটর রেজিয়া সুলতানা চমন। তিনি সাংবাদিকদের জানান, গত ২৪ জানুয়ারি উভয় পক্ষের যুক্তি-তর্ক শেষে মামলাটি রায়ের অপেক্ষায় রেখেছিল ট্রাইব্যুনাল। রায় ঘোষণার সময় তিন অভিযুক্ত ব্যক্তিকে আদালতে হাজির করা হয়। তিনি আরো জানান, তাদের বিরুদ্ধে এক নম্বর অভিযোগ ছিলো নকলার রামেরকান্দি বিবিরচর ও মজিদ বাড়ি গ্রামে গিয়ে সংঘবদ্ধভাবে অপহরণ, আটক, নির্যাতন, অগ্নিসংযোগ, হত্যার মতো মানবতাবিরোধী অপরাধ সংঘটন। আর, দুই ও তিন নম্বর অভিযোগ ছিল, তারা নকলা উপজেলার জালালপুর গ্রামের মো. আব্দুল হান্নান ও বাজারদি গ্রামের শাহজাহান আলী ওরফে সাজু এবং নিরস্ত্র গ্রামবাসীকে অপহরণ, আটক, নির্যাতন ও হত্যাকাণ্ড চালিয়েছে। তিনটি অভিযোগই ট্রাইব্যুনালে সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সক্ষম হয়েছে প্রসিকিউশন। তবে চার নম্বর অভিযোগ; জোর করে শ্রম আদায় বা কাজে বাধ্য করা; প্রমাণ করতে না পারায়, এ অভিযোগ থেকে তিন জনকেই খালাস দিয়েছে ট্রাইব্যুনাল। প্রসিকিউশনের তথ্যমতে, ২০১৫ সালের ১৯ নভেম্বর এ মামলার তদন্ত শুরু হয়। ২০১৬ সালের ২২ আগস্ট ট্রাইব্যুনাল অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করলে তাদের গ্রেপ্তার করা হয়। পরে, ২০১৭ সালের ২৬ জুলাই এ মামলার প্রতিবেদন দেয় তদন্ত সংস্থা। সেই বছরের ৩০ অক্টোবর অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে প্রসিকিউশনের পক্ষ থেকে ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হয়। একই বছরের ১৪ নভেম্বর অভিযোগ আমলে নেয় আদালত। আর, ২০১৮ সালের ৩০ আগস্ট বিচার শুরুর আদেশ দেয়। অভিযোগ গঠনের পর ২০১৯ সালের ২ জানুয়ারি জামিনে থাকা অবস্থায় মারা যান অভিযুক্ত মো. এমদাদুল হক ওরফে খাজা। সেই দিন তার নাম মামলা থেকে বাদ দিয়ে সাক্ষ্য গ্রহণ শুরু হয়। তদন্তকারী কর্মকর্তা-সহ এ মামলায় সাক্ষ্য দিয়েছেন ১৩ জন। অভিযুক্ত ব্যক্তিদের পক্ষের কোনো সাক্ষী ছিল না। সাক্ষ্য নেয়া শেষ হলে, ২০২২ সালের ৩ জুলাই যুক্তিতর্ক শুরু হয়। শেষ হয় চলতি বছর ২৪ জানুয়ারি। এর পর, মামলাটি রায়ের জন্য আপেক্ষায় রাখে ট্রাইব্যুনাল। সোমবার (১২ ফেব্রয়ারি) রায়ে তিন জনের যাবজ্জীবন কারাদণ্ড ঘোষণা করা হয়। (ভোয়া ওয়েব পেজ : ১২.০২.২০২৪ এলিনা)

## ক্রিকেটের সব ফরম্যাটে বাংলাদেশের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত

সব ফরম্যাটে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের অধিনায়কের দায়িত্ব পালন করবেন বাঁহাতি ওপেনার নাজমুল হোসেন শান্ত। সোমবার (১২ ফেব্রুয়ারি) বছরের প্রথম বোর্ড সভা শেষে, বিসিবি সভাপতি ও ক্রীড়ামন্ত্রী নাজমুল হাসান পাপন এ সিদ্ধান্তের কথা জানান। পাপন বলেন, ”নাজমুল হোসেন শান্তকে সব ফরম্যাটে নতুন অধিনায়ক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। এ বছর টেস্ট, ওয়ানডে ও টি-টোয়েন্টিতে বাংলাদেশকে নেতৃত্ব দেবেন তিনি।„ এর আগে, বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের চেয়ারম্যান জালাল ইউনুস নিউজিল্যান্ডের বিপক্ষে হোম সিরিজে, সাকিব অধিনায়কত্ব করবেন বলে ইঙ্গিত দিয়েছিলেন। এরপর এই সিদ্ধান্ত এলো বিসিবির পক্ষ থেকে। টি-টোয়েন্টি অধিনায়ক হিসেবে শান্তর

নিয়োগ কিছুটা আকস্মিক; কারণ এই ফরম্যাটে সাকিব বাংলাদেশের হয়ে নিয়মিত অধিনায়ক ছিলেন। বেশ কিছু কারণে এমন সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে উল্লেখ করেন নাজমুল হাসান পাপন। বিসিবি সভাপতির ব্যাখ্যা, "সাকিব তার দৃষ্টিশক্তি নিয়ে সমস্যায় ভুগছেন। শ্রীলংকার বিপক্ষে আসন্ন সিরিজ এবং বিশ্বকাপের কথা ভেবে আমরা অনুভব করেছি যে নতুন অধিনায়ক নিয়োগ এখন খুবই গুরুত্বপূর্ণ।„ এই পরিবর্তন বিশ্বকাপের নির্বিঘ্ন প্রস্তুতিতে সহায়ক হবে বলে উল্লেখ করেন বিসিবি সভাপতি। সাকিবের অনুপস্থিতিতে বাংলাদেশকে নেতৃত্ব দিয়ে নিজের নেতৃত্বের যোগ্যতার প্রমাণ দিয়েছেন শান্ত। সম্প্রতি সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলার সময়, অধিনায়ক হিসেবে আরো দীর্ঘ সময় কাটানোর ইচ্ছা প্রকাশ করেছেন তিনি। বাংলাদেশের হয়ে ছয়টি ওয়ানডে, তিনটি টি-টোয়েন্টি এবং দুটি টেস্টে তিনটি জয় নিয়ে একটি সফল অধিনায়কত্বের রেকর্ড রয়েছে শান্তর ঝুলিতে। বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দলের অধিনায়ক হিসেবেও নেতৃত্বের অভিজ্ঞতা রয়েছে তার। সহ-অধিনায়কের পদ এখনো ফাঁকা রয়েছে। এই পদে বেশ কয়েকটি নাম বিবেচনাধীন বলে উল্লেখ করেছেন বোর্ড সভাপতি। টেস্ট ও ওয়ানডে ফরম্যাটের জন্য বাংলাদেশের আলাদা সহ-অধিনায়ক থাকতে পারে বলে জানান তিনি। পূর্ণকালীন অধিনায়ক হিসেবে শান্তর প্রথম অ্যাসাইনমেন্ট হতে যাচ্ছে ঘরের মাঠে শ্রীলঙ্কার বিপক্ষে তিনটি টি-টোয়েন্টি, তিনটি ওয়ানডে ও দুটি টেস্ট। সিলেট ও চট্টগ্রামের দুটি ভেন্যুতে হবে এই সিরিজ।
(ভোয়া ওয়েব পেজ : ১২.০২.২০২৪ এলিনা)

## বিএনপির নতুন কর্মসূচির সমালোচনা করলেন হাছান মাহমুদ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির নতুন কর্মসূচির সমালোচনা করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। তিনি বলেছেন, "বিএনপির কর্মসূচি অন্য কিছু নয়, স্টার্ট বন্ধ হওয়া পুরোনো গাড়ি স্টার্ট দেয়ার নামান্তর।„ রবিবার (১১ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাজধানী ঢাকার একটি হোটেলে এক অনুষ্ঠানের পর সাংবাদিকরা সমসাময়িক রাজনীতি নিয়ে হাছান মাহমুদকে প্রশ্ন করেন। জবাবে এ কথা বলেন তিনি। ইন্টারন্যাশনাল মারিটাইম অর্গানাইজেশন- আইএমও কাউন্সিলের সদস্য পদে বাংলাদেশ নির্বাচিত হওয়া উপলক্ষ্যে এই অনুষ্ঠানের আয়োজন করে দেশটির নৌ পরিবহন মন্ত্রণালয়। "নির্বাচনের পর বিএনপির নেতা-কর্মীরা অত্যন্ত হতাশ এবং তাদের নেতৃত্ব প্রশ্নবিদ্ধ;„ হাছান মাহমুদ যোগ করেন। তিনি আরো বলেন, তারা যে আবার নির্বাচনের কথা বলছে, সে জন্য তাদের পাঁচ বছর অপেক্ষা করতে হবে। নির্বাচিত বর্তমান সরকারের মেয়াদ পূর্ণ হওয়ার পর আবার নির্বাচন হবে। এদিকে, নতুন কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। রবিবার (১১ ফেব্রুয়ারি) এক সংবাদ সম্মেলনে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী ৬ দিনের কর্মসূচি ঘোষণা করেন। দ্বাদশ জাতীয় সংসদ বাতিল ও নির্দলীয় সরকারের অধীনে নতুন নির্বাচনের দাবিতে চলমান আন্দোলনের অংশ হিসেবে, মঙ্গলবার (১৩ ফেব্রয়ারি) থেকে সারাদেশে গণসংযোগ ও লিফলেট বিতরণ-সহ বিভিন্ন কর্মসূচি পালন করবে বিএনপি; জানান রিজভী। রুহুল কবির রিজভী আরো জানান, বিএনপি এবং এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা আগামী ১৩ ও ১৪ ফেব্রুয়ারি (মঙ্গলবার ও বুধবার) ঢাকা-সহ অন্যান্য মহানগরে গণসংযোগ ও লিফলেট বিতরণ করবেন। এছাড়া, ১৭ ফেব্রুয়ারি সব জেলা শহরে এবং ১৮ ও ১৯ ফেব্রুয়ারি দেশের সব উপজেলা, থানা, পৌরসভা ও ইউনিয়নে অনুরূপ কর্মসূচি পলন করা হবে। সম্প্রতি বাংলাদেশ ও মিয়ানমার সীমান্তে গোলাগুলিতে নিহত বাংলাদেশিদের স্মরণে ১৬ ফেব্রুয়ারি বাদ জুমা দেশের সব মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করবে বিএনপি। রিজভী বলেন, নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য নিয়ন্ত্রণে সরকারের ওপর চাপ সৃষ্টি এবং বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, আমীর খসরু মাহমুদ চৌধুরীসহ কারাবন্দী অন্য নেতা-কর্মীদের মুক্তির দাবিতে গণযোগাযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি ঘোষণা করা হয়েছে। সর্বস্তরের নেতা-কর্মীদের সম্ভাব্য সব বাধা ও প্রতিকূলতা মোকাবেলা করে, নতুন কর্মসূচি সফল করার আহ্বান জানান বিএনপির সিনিয়র যুগ্মমাহসচিব।
(ভোয়া ওয়েব পেজ : ১২.০২.২০২৪ এলিনা)

## ‵উন্নয়নের পূর্বশর্ত হলো রাজনৈতিক স্থিতিশীলতা, : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

জননিরাপত্তা রক্ষায়, সাহস ও আন্তরিকতার সঙ্গে কাজ করতে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর (ভিডিপি) সদস্যদের প্রতি আহবান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, "উন্নয়নের পূর্বশর্ত হলো রাজনৈতিক স্থিতিশীলতা।„ সোমবার (১২ ফেব্রুয়ারি) সকালে গাজীপুরের সফিপুরে, আনসার-ভিডিপি একাডেমিতে বাংলাদেশ আনসার ও ভিডিপির ৪৪তম জাতীয় সমাবেশে এ আহবান জানান তিনি। "দেশের বৃহত্তম বাহিনী হিসেবে, আপনাদের ওপর অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করতে হবে;„ বলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। তিনি বলেন, "জননিরাপত্তা রক্ষায় যে কোনো অশুভ তৎপরতা প্রতিহত করতে হবে। আর, সততা, সাহস ও আন্তরিকতার সঙ্গে আপনাদের এটা করতে হবে।„ জনগণের নিরাপত্তা ও বিনিয়োগের নিরাপত্তা নিশ্চিত করা এবং শান্তি বজায় রাখা তার সরকারের পবিত্র দায়িত্ব বলে উল্লেখ করেন শেখ হাসিনা। তিনি উল্লেখ করেন যে, দেশের সার্বিক উন্নয়নের পূর্বশর্ত হলো রাজনৈতিক স্থিতিশীলতা। "সুষ্ঠু অর্থনৈতিক পরিবেশ ও গণতান্ত্রিক শাসন ব্যবস্থা অব্যাহত রাখাও উন্নয়নের পূর্বশর্ত;„ বলেন শেখ হাসিনা। দেশে এমন পরিবেশ বজায় রাখার জন্য সকলের প্রতি আহ্বান জানান তিনি। আওয়ামী লীগ সরকারের আমলে

দেশের অর্জিত উন্নয়নের কথা তুলে ধরে শেখ হাসিনা বলেন, বাংলাদেশ এখন যেকোনো পরিস্থিতি মোকাবেলার সক্ষমতা অর্জন করেছে। উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখতে সকলকে সততার সঙ্গে কঠোর পরিশ্রম করার আহ্বান জানান তিনি। দেশের সরকারি-বেসরকারি কাঠামো ও প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে আনসার-ভিডিপি,র ৬১ লাখ সদস্যের অবদানের কথা স্মরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেন, আনসারকে যদি জাতীয় কোনো কাজে দায়িত্ব পালন করতে বলা হয়, তখন তারা তা যথাযথভাবে পালন করে। ”এমনকি আমাদের আনসার সদস্যরা বাংলাদেশে অবস্থানরত বিভিন্ন বিদেশি দূতাবাস থেকে শুরু করে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে অত্যন্ত দক্ষতার সঙ্গে তাদের দায়িত্ব পালন করে আসছে;„ শেখ হাসিনা উল্লেখ করেন। বিগত ২০১৩, ২০১৪, ২০১৫ ও ২০২৩ সালে বিএনপি-জামায়াতের অগ্নিসন্ত্রাস থেকে বাংলাদেশ রেলওয়ে এবং দেশের অন্যান্য সম্পদ রক্ষায় আনসার সদস্যদের ভূমিকার প্রশংসা করেন তিনি। শেখ হাসিনা বলেন, এই বাহিনী এখন দেশে-বিদেশে সুনাম অর্জন করছে। তিনি আরো বলেন, ”আমরা আনসার ও ভিডিপির উন্নয়নে কাজ করে যাচ্ছি।„ সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক থেকে দেশকে রক্ষায় তার সরকারের দৃঢ় প্রত্যয় পুনর্ব্যক্ত করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ”দুর্নীতির বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে।„ সরকার স্মার্ট বাংলাদেশে প্রতিটি গ্রামকে একটি স্মার্ট ও নিরাপদ এলাকা হিসেবে গড়ে তুলবে বলে জানান শেখ হাসিনা। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে দু,টি নারী ব্যাটালিয়ন এবং একটি বিশেষায়িত ব্যাটালিয়নসহ মোট ৪২টি ব্যাটালিয়ন রয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ১২.০২.২০২৪ এলিনা)

## ভারতীয় রুপিতে বাণিজ্য বাংলাদেশি পণ্যের রপ্তানি বাড়াবে, বললেন হাইকমিশনার প্রণয় ভার্মা

বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা বলেছেন, উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং ভারতীয় রুপির মাধ্যমে বাণিজ্যের মতো নতুন পদক্ষেপ, বাংলাদেশি পণ্যের রপ্তানি আরো বাড়িয়ে তুলবে। সোমবার (১২ ফেব্রুয়ারি) বাংলাদেশের নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরীর সঙ্গে গোদাগাড়ী এলাকার সুলতানগঞ্জ বন্দরের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন হাইকমিশনার প্রণয় ভার্মা। ভারত ও বাংলাদেশের মধ্যে গুরুত্বপূর্ণ নৌ-রুট চালু করতে, সুলতানগঞ্জ (বাংলাদেশ) থেকে মায়া (ভারত) পর্যন্ত একটি পণ্যবাহী জাহাজের যাত্রার সূচনা করেন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী ও হাইকমিশনার প্রণয় ভার্মা। প্রণয় ভার্মা নতুন নৌ রুটটিকে, ভারত ও বাংলাদেশের মধ্যে ক্রমবর্ধমান অর্থনৈতিক ও সংযোগের অংশ এবং দুই দেশের সম্পর্কের সাম্প্রতিক রূপান্তরের দৃশ্যমান প্রতীক হিসেবে উল্লেখ করেন। তিনি দ্বিপক্ষীয় সহযোগিতার প্রকৃত সম্ভাবনা কাজে লাগাতে বহুমুখী যোগাযোগের ওপর গুরুত্ব আরোপ করেন। আর, মায়া-সুলতানগঞ্জ নদী-পথ পুনরায় চালুর বিষয়কে একটি বিশেষ পদক্ষেপ হিসেবে বর্ণনা করেন। ভারতের হাইকমিশনার বলেন, এটি কেবল সীমান্তের দুই পাশের স্থানীয় অর্থনীতির জন্য উপকার বয়ে আনবে না; দুই দেশের জাতীয় অর্থনীতিতেও অবদান রাখবে। ”উপ-আঞ্চলিক সহযোগিতা ও সংহতি জোরদার করবে;„ যোগ করেন প্রণয় ভার্মা। হাইকমিশনার আরো বলেন, ”ভারত বর্তমানে এশিয়ায় বাংলাদেশের বৃহত্তম রপ্তানি গন্তব্য।„ ভারত ও বাংলাদেশের মধ্যে সমন্বিত অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তির (সিইপিএ) কথা উল্লেখ করে প্রণয় ভার্মা বলেন, ”এ বিষয়ে শিগগির আলোচনা শুরু হতে যাচ্ছে।„ গোদাগাড়ী সুলতানগঞ্জ বন্দর উদ্বোদনের পর বাংলাদেশের সুলতানগঞ্জ থেকে ভারতের মায়া ঘাটের উদ্দেশ্যে একটি পণ্যবাহী জাহাজ ছেড়ে যায়। এটি হলো, ইন্ডিয়া-বাংলাদেশ প্রটোকল (আইবিপি) রুট ৫ ও ৬ এর আওতায়, ভারতের মায়া বন্দর থেকে বাংলাদেশের সুলতানগঞ্জ বন্দরের মধ্যে পরীক্ষামূলক পাঁচটি পণ্যবাহী জাহাজ চলাচলের প্রথম নৌ-যাত্রা। (ভোয়া ওয়েব পেজ : ১২.০২.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## মিয়ানমার সেনাদের শিগগিরই ফেরত পাঠানো হবে, জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন, মিয়ানমার থেকে আসা সেনাদের দ্রুত ফেরত পাঠানো হবে। রোহিঙ্গাদের ফেরত পাঠানো নিয়েও মিয়ানমার-বাংলাদেশ ঐক্যমতে পৌঁছেছে বলেও তিনি জানিয়েছেন। মিয়ানমার থেকে আসা সেনাদের দ্রুত ফেরত পাঠানো হবে বলে জানিয়েছেন, পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সোমবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ভারত সফর বিষয়ে সাংবাদিকদের বিস্তারিত তুলে ধরে তিনি। বলেন, রোহিঙ্গাদেরকে মিয়ানমারে ফেরত পাঠানোর ব্যাপারে বাংলাদেশ ও ভারত একসঙ্গে কাজ করবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী। মিয়ানমার ইস্যুতে ভারত সফরের বিস্তারিত আলোচনা হয়েছে উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী বলেন, মিয়ানমারে এখন যে সংঘাত চলছে সেই সংঘাতের কারণে আমাদের অঞ্চলে যে সংকট তৈরি হয়েছে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেছি। বিশেষ করে মিয়ানমার থেকে যেসব রোহিঙ্গাকে বিতাড়িত করা হয়েছে তাদের নাগরিক অধিকার দিয়ে সেখানে ফেরত নেওয়ার বিষয়ে ভারতের সহায়তা কামনা করেছি। মিয়ানমার ইস্যুতে বাংলাদেশ-ভারত কীভাবে একসঙ্গে কাজ করবে এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, আমরা তাদের সঙ্গে বর্ডার শেয়ার করি। সুতরাং মিয়ানমারে যদি কোনো পরিস্থিতির উদ্বেগ ঘটে তাহলে সেটি আমাদের দেশকে যেভাবে ক্ষতিগ্রস্ত বা উদ্বিগ্ন করে তাদেরকেও উদ্বিগ্ন করে। সুতরাং দুই দেশেরই যেহেতু উদ্বেগ প্রতিবেশীকে নিয়ে, তাই আমরা একসঙ্গে কাজ করার অনেক বিষয় রয়েছে (স্বকণ্ঠে) : মিয়ানমার থেকে

যে সমস্ত তাদের বর্ডার সিকিউরিটি গার্ডের এবং সেনাবাহিনীর সদস্য এবং তাদের পরিবারের সদস্য যারা এসেছেন তাদেরকে খুব সহসাই ফেরত পাঠাবো বলে আমরা ঐক্যমতে পৌঁছেছি।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১২.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### একযুগেও মেলেনি সাংবাদিক-দম্পতি সাগর-রুনি হত্যার বিচার

বাংলাদেশে একযুগেও মেলেনি সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যার বিচার। সাংবাদিক দম্পতি সাগর সরোয়ার ও মেহেরুন রুনি হত্যার ১২ বছর পার হলেও তাদের পরিবারের জন্য ন্যায়বিচার এখনো সুদূর পরাহত। জোড়া খুনের মামলায় আদালত তদন্ত কর্মকর্তাকে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য বারবার তারিখ দেন। তবে কোনোবারই তদন্ত প্রতিবেদন আদালতে জমা পড়ে না। এই হতাশাজনক চক্র গত ১২ বছর ধরে চলছে। এমন পরিস্থিতিতে অবিলম্বে সাংবাদিক সাগর ও রুনি দম্পতি হত্যার দ্রুত বিচার দাবি করেছেন সাংবাদিক নেতারা। বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন-বিএফইউজের একাংশের সভাপতি রুহুল আমিন গাজী বলেছেন (স্বকণ্ঠে) : আমি কখনোই কোনো সাংবাদিক হত্যার বিচার হতে দেখিনি, এখনও পর্যন্ত। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত দেখিনি। হত্যাকাণ্ড হয় কিন্তু আর শেষ হয় না। বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন বিএফইউজের অপর অংশের সভাপতি ওমর ফারুক বলেন (স্বকণ্ঠে) : বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে বহুবার গিয়েছি বহুবার বলেছি যে আপনি একটা সাংবাদিক হত্যার কারণগুলি কী এবং কেন বিচার হচ্ছে না, কেন আপনার আইনশৃঙ্খলা বাহিনী এটার ক্লু উদঘাটন করতে পারছে না সে ব্যাপারে আপনি একটা স্পেশাল সেল গঠন করে দেন। তবে র‍্যাবের আইন ও গণমাধ্যম শাখার পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন বলেছেন (স্বকণ্ঠে) : এটা অত্যন্ত সেনসিটিভ একটা মামলা। সুতরাং এইভাবেই আমরা এটিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে যে সকল উইন্ডো আছে সবগুলো আমরা পর্যালোচনা করে আমরা তদন্তের মাধ্যমে প্রকৃত হত্যাকারী সনাক্ত করে পাশাপাশি আমরা মোটিভটাও অনেক ইম্পরট্যান্ট। সেটাও আমরা শতভাগ নিশ্চিত করতেই মূলত আমাদের এটি হচ্ছে। উল্লেখ্য, ২০১২ সালের ১১ ফেব্রুয়ারি রাতে রাজধানীর পশ্চিম রাজাবাজারে সাংবাদিক দম্পতি মাছরাঙা টেলিভিশনের বার্তা সম্পাদক সাগর সরোয়ার এবং এটিএন বাংলার জ্যেষ্ঠ প্রতিবেদক মেহেরুন রুনি তাদের ভাড়া বাসায় নির্মমভাবে খুন হন। সেই সময় ফ্ল্যাটটিতে বাবা-মায়ের সঙ্গে ছিল তাদের একমাত্র সন্তান মাহির সারোয়ার মেঘ। তার বয়স ছিল তখন মাত্র পাঁচ বছর। বাবা-মায়ের সেই নৃশংস মৃত্যু নিয়ে এখনও অন্ধকারে ১৭ বছরের কিশোর মেঘ। আদৌ কি বাংলাদেশ মেঘের বাবা-মা হত্যার প্রকৃত রহস্য ও অপরাধীদের বিচার করতে পারবে, সেই প্রশ্ন ঘুরপাক খায় কৈশোর পেরেনো মাহির সারোয়ার মেঘের মনে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১২.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### ইসরায়েলের রাফাহ স্থল আক্রমণে সারা বিশ্বের সরকারসমূহের উদ্বেগ প্রকাশ

ইসরায়েলি সেনাবাহিনীর গাজা ভূখণ্ডের দক্ষিণে রাফাহতে স্থল অভিযান পরিচালনার পরিকল্পনায় বিশ্বজুড়ে সরকারসমূহ তাদের উদ্বেগ প্রকাশ করেছে। হোয়াইট হাউস রবিবার ঘোষণা করে যে, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সাথে এবিষয়ে টেলিফোনে কথা বলেছেন। এতে বলা হয় যে, মিস্টার বাইডেন তার দৃষ্টিভঙ্গি পুনর্ব্যক্ত করে বলেন যে, রাফাহতে অভিযান পরিচালনায় "আশ্রয় নেয়া ১ মিলিয়নেরও বেশি মানুষের সুরক্ষা এবং সহায়তা নিশ্চিত করার জন্য একটি বিশ্বাসযোগ্য এবং কার্যকরী পরিকল্পনা ছাড়া এগোনো উচিত নয়।" ফ্রান্সের পররাষ্ট্র মন্ত্রণালয় রবিবার একটি বিবৃতি জারি করে বলে যে, রাফাহতে ইসরায়েলের বড় ধরনের আক্রমণ একটি নতুন এবং অযৌক্তিক বিপর্যয়কর মানবিক পরিস্থিতি সৃষ্টি করবে। মিশরের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মুখপাত্র, যিনি ইসরায়েল ও হামাসের মধ্যে আলোচনার জন্য মধ্যস্থতাকারী হিসেবে কাজ করছেন, তিনিও রবিবার একটি বিবৃতি জারি করেন। বিবৃতিতে রাফাহকে লক্ষ্যবস্তু হিসেবে গ্রহণ না করার জন্য সমন্বিত আন্তর্জাতিক এবং আঞ্চলিক প্রচেষ্টার আহ্বান জানানো হয়েছে। উল্লেখ্য এই মুহূর্তে রাফাহতে প্রায় ১.৪ মিলিয়ন বাস্তুচ্যুত ফিলিস্তিনি আশ্রয় নিয়েছেন। নেতানিয়াহু রাফাহতে একটি জোরালো আক্রমণের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন, যেখানে হামাসের একটি শক্ত ঘাঁটি রয়েছে বলে জানাচ্ছে। রবিবার প্রচারিত এবিসি নিউজের সাথে একটি সাক্ষাৎকারে নেতানিয়াহু বলেন যে, ইসরায়েলি বাহিনীর রাফাহ প্রবেশ করা উচিত নয় এমন যুক্তি দিয়ে মূলত বলা হচ্ছে, "যুদ্ধে হেরে যাও।" হামাসের একজন ঊর্ধ্বতন সদস্য সতর্ক করে বলেন যে, রাফাহ আক্রমণ তীব্র হলে জিম্মিদের মুক্তি নিয়ে আলোচনা করা হবে না। (এনএইচকে ওয়েব পেজ : ১২.০২.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### অবৈধ হাসপাতাল-ক্লিনিক কি এবার বন্ধ হবে?

দেশে অবৈধ বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকের সংখ্যা ১ হাজার ২৭টি। আর লাইসেন্স আছে ১৫ হাজার ২৩৩টি প্রতিষ্ঠানের। হাইকোর্টে দাখিল করতে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের (স্বাস্থ্যসেবা) পক্ষে দেওয়া এক প্রতিবেদনে এ তথ্য এসেছে। প্রশ্ন উঠেছে স্বাস্থ্য অধিদপ্তর যদি জানে অবৈধ প্রতিষ্ঠানের

নাম-ঠিকানা, তাহলে সেগুলো বন্ধ করতে বাধা কোথায়? কেন এতদিনেও এগুলো বন্ধ করা হয়নি। উচ্চ আদালতের নির্দেশের পর এবার কি এগুলো বন্ধ করা সম্ভব হবে? স্বাস্থ্য অধিদপ্তর অবৈধ হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকের যে সংখ্যা বলেছে বাস্তব চিত্র তার চেয়ে অনেক বেশি। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. লেলিন চৌধুরী ডয়চে ভেলেকে বলেন, "স্বাস্থ্য অধিদপ্তর উচ্চ আদালতে যে তালিকা দিয়েছে, বাস্তবে এই সংখ্যা আরও বেশি হবে। জনবল বা তথ্য ঘাটতির কারণে হয়ত তাদের রিপোর্টে বাস্তব চিত্রটা উঠে আসেনি। তারপরও সংখ্যাটা যাই হোক না কেন, অনুমোদন ছাড়া শিক্ষা বা স্বাস্থ্যের একটি প্রতিষ্ঠানও চলতে পারে না। দ্রুত এগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। এখানে রাজনৈতিক বা অর্থের যতই দাপট থাকুক না কেন এ ব্যাপারে কোনো ছাড় দেওয়া উচিৎ নয়।„

`লাইফ সাপোর্ট থেকে ফিরল না আয়ান : খতনা করাতে গিয়ে মৃত্যু' শিরোনামে গত ৮ জানুয়ারি প্রতিবেদন প্রকাশ করে একটি জাতীয় দৈনিক। প্রকাশিত এই প্রতিবেদন-সহ বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত এ সংক্রান্ত খবর-প্রতিবেদন যুক্ত করে গত ৯ জানুয়ারি হাইকোর্টে রিট করেন সুপ্রিম কোর্টের আইনজীবী এ বি এম শাহজাহান আকন্দ। আবেদনে প্রাথমিক শুনানির পর গত ১৫ জানুয়ারি রুল-সহ আদেশ দেন বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আতাবুল্লাহর হাইকোর্ট বেঞ্চ। আয়ানের মৃত্যুর কারণ অনুসন্ধান করে সাত দিনের মধ্যে আদালতে প্রতিবেদন দিতে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে নির্দেশ দেওয়া হয়। সেই সঙ্গে সারা দেশে নিবন্ধিত ও অনিবন্ধিত বা অনুমোদনহীন কতগুলো বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার আছে, সে বিষয়েও একটি প্রতিবেদন চান হাইকোর্ট। রোববার সেই রিপোর্ট দেওয়া হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক) ডা. আবু হোসেন মো. মঈনুল আহসান ডয়চে ভেলেকে বলেন, "আমরা উচ্চ আদালতে যে তালিকা দিয়েছি, সেটা কম-বেশি হতে পারে। আমরা সবগুলোর জেলার সিভিল সার্জনদের কাছে অবৈধ বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকের তালিকা চেয়ে চিঠি পাঠিয়েছিলাম। তারা অনুসন্ধান করে যে তালিকাটা দিয়েছে, আমরা সেটাই উচ্চ আদালতে জমা দিয়েছি। তালিকা হাতে পাওয়ার পর আমরা সবগুলো প্রতিষ্ঠান বন্ধ করে দিতে চিঠি দেওয়ার নির্দেশ দিয়েছি। ইতিমধ্যে অনেকগুলো বন্ধ হয়ে গেছে। এ ব্যাপারে আমরা কাউকে ছাড় দেবো না।„ কিছুদিন পরপর অবৈধ হাসপাতাল ও ক্লিনিকের বিরুদ্ধে অভিযান চালায় স্বাস্থ্য অধিদপ্তর। এতে কিছু হাসপাতাল বন্ধও হয়। কিছুদিন পর আবারও চালু হয়। এভাবেই চলছে স্বাস্থ্য বিভাগের বেসরকারি খাত। এমন পরিস্থিতিতে জনগণকে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদান করা নিয়ে উদ্বিগ্ন বিশেষজ্ঞরাও। আগের অভিযানে যেগুলো বন্ধ করা হয়েছিল সেগুলোর মধ্যে অনেকগুলোই পরের অভিযানে চালু অবস্থায় পাওয়া গেছে! গত বছর দুই দফায় অভিযান চালায় স্বাস্থ্য অধিদপ্তর। প্রথম দফায় সাড়ে ১৬শ' অবৈধ হাসপাতাল ও ক্লিনিক বন্ধ করা হয়েছে। আর দ্বিতীয় দফায় বন্ধ করা হয় ৮৬০টি অবৈধ হাসপাতাল ও ক্লিনিক। বন্ধ করার পর আবার কীভাবে সেগুলো চালু হয়? জানতে চাইলে ঢাকা জেলার সিভিল সার্জন ডা. আবুল ফজল মো. সাহাবুদ্দিন খান ডয়চে ভেলেকে বলেন, "বেসরকারি হাসপাতাল ও ক্লিনিক দেখার জন্য আমাদের আলাদা কোনো জনবল নেই। একেক সময় একেকজনকে দায়িত্ব দিয়ে এটা করা হয়। আর আমাদের মোবাইল কোর্ট চালাতে হলে ডিসির কাছ থেকে নিতে হয়। ফলে আমরা চাইলেই সবসময় অভিযান চালাতে পারি না। আমার কোনো কর্মকর্তা যদি কোথাও গিয়ে অবৈধ এমন প্রতিষ্ঠান দেখেন তিনি বন্ধ করতে বললেও তারা অনেক সময় করেন না। কারণ তারা জানেন আমাদের হাতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কোনো ক্ষমতা নেই। আমার ঢাকা জেলা একটা বিশাল এলাকা। এখানে কোন গলির মধ্যে একটা রুমে ক্লিনিক খুলে ব্যবসা শুরু করলে সেটা দেখারও কোনো সুযোগ আমাদের নেই। কারণ আমার হাতে তো স্পেশাল ব্রাঞ্চ (এসবি) নেই। কোনো দুর্ঘটনা যদি ঘটে বা সাংবাদিকরা যদি লেখেন তাহলে আমরা জানতে পারি। ফলে আমাদের এগুলো দেখার জন্য নির্দিষ্ট লোকবল ও ব্যবস্থা নেওয়ার ক্ষমতা দিতে হবে। তাহলে কিছুটা নিয়ন্ত্রণে আসবে।„

স্বাস্থ্য অধিদপ্তরের চালানো অভিযানে গেছে, অনেক হাসপাতালে নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে চলছে চিকিৎসা। নেই সরকারি নীতিমালা অনুযায়ী অবকাঠামো। এক্সরে মেশিন এমন জায়গায় রাখা হয় যেখানে ন্যূনতম সুরক্ষা-ব্যবস্থা নেই। এতে এক্সরে করতে আসা রোগী, যিনি এক্সরে করাচ্ছেন তিনি এবং আশপাশের মানুষ ভয়াবহ রেডিয়েশনের শিকার হচ্ছেন। রি-এজেন্ট অর্থাৎ কেমিক্যালের পাশে রাখা হচ্ছে তরকারি। ভুয়া চিকিৎসক, অনভিজ্ঞ নার্স ও অদক্ষ আয়া দিয়ে চলছে চিকিৎসা কার্যক্রম। অর্থাৎ চিকিৎসার নামে মরণব্যবস্থা চালু আছে। বাংলাদেশ প্রাইভেট ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ডা. মনিরুজ্জামান ভূঁইয়া ডয়চে ভেলেকে বলেন, "দেশের মাত্র ৩৫ শতাংশ চিকিৎসা সরকারি হাসপাতালে হয়, বাকি ৬৫ শতাংশ হয় বেসরকারি হাসপাতালে। ফলে বেসরকারি খাতের অবদান অস্বীকার করার সুযোগ নেই। বিশেষ করে কোভিডের সময় আমাদের এখানে যে চিকিৎসা হয়েছে, সেটা তো আপনি অস্বীকার করতে পারবেন না। উন্নত দেশগুলো যেখানে হিমশিম খেয়েছে সেখানে আমরা কত চমৎকারভাবে সামাল দিয়েছি। এগুলো মাথায় নিয়েই অভিযান চালাতে হবে। অবৈধদের বিরুদ্ধে অভিযানে আমাদের আপত্তি নেই। কিন্তু বৈধ যারা তাদের যেন কোনোভাবেই হয়রানি করা না হয়, সেদিকেও বিশেষ নজর রাখতে হবে।„

স্বাস্থ্য অধিদপ্তরের একজন কর্মকর্তা ডয়চে ভেলেকে বলেন, ”দেশের আনাচে-কানাচে গজিয়ে উঠেছে হাজার হাজার অনিবন্ধিত ক্লিনিক-হাসপাতাল। ফলে অধিকাংশ হাসপাতালে প্রতিদিনই ঘটছে নানা অঘটন। ভুল চিকিৎসার শিকার হয়ে রোগীদের মৃত্যু পর্যন্ত ঘটছে প্রায়ই। অনেক প্রতিষ্ঠানের তথ্যও নেই স্বাস্থ্য অধিদপ্তরে। দেশজুড়ে এমন অবৈধ, নিবন্ধনহীন হাসপাতালের সংখ্যা হাজার হাজার। যেগুলোর বেশির ভাগেরই নাম ও অবস্থান জানে না অধিদপ্তর। অনলাইনে আবেদনের পর স্বাস্থ্য বিভাগের একটি টোকেন, সিটি করপোরেশনের ট্রেড লাইসেন্স নিয়ে ব্যবসা করছেন ক্লিনিক মালিকেরা। এসব অবৈধ, নিবন্ধনহীন ক্লিনিক-হাসপাতাল বন্ধে নানা সময়ে অভিযান পরিচালিত হলেও আসলে কাজের কাজ কিছুই হচ্ছে না। বরং এই সংখ্যা দিন দিন বেড়েই যাচ্ছে।„ জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. মুশতাক হোসেন ডয়চে ভেলেকে বলেন, ”এভাবে শৃঙ্খলা ফেরানো যাবে না। শুধু অভিযান চালিয়ে চলে গেলে হবে না। লাগাতার পর্যবেক্ষণ করতে হবে। এই দুর্বলতা শুরু থেকেই রয়েছে। আসলে প্রয়োজন স্বাস্থ্য অধিদপ্তরে একটা আলাদা উইং তৈরি করা। তাদের পর্যাপ্ত জনবল ও সুযোগ-সুবিধা দিতে হবে। তারা সারাবছরই এগুলো মনিটরিং করবে। এর পাশাপাশি মফস্বলে স্থানীয় প্রশাসনকেও এর সঙ্গে সংযুক্ত করতে হবে। প্রয়োজনে তাদের জবাবদিহিতার আওতায় আনতে হবে। আর বন্ধ করাও কোনো সমাধান না। যেগুলো তৈরি হয়েছে, সেগুলো কীভাবে সঠিকপথে আনা যায় সেই চেষ্টাও করতে হবে। তাহলেই গড়ে উঠবে সুশৃঙ্খল স্বাস্থ্য খাত।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ:১২.০২.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### অধ্যাপক নাদির জুনাইদকে ৩ মাসের বাধ্যতামূলক ছুটিতে পাঠিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. নাদির জুনাইদকে ৩ মাসের বাধ্যতামূলক ছুটিতে পাঠিয়েছে কর্তৃপক্ষ। নিজ বিভাগের শিক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে সোমবার এক চিঠিতে এ সিদ্ধান্ত জানায় বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ সময় তিনি বিভাগের সকল অ্যাকাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম থেকে বিরত থাকবেন বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। গত কয়েকদিন ধরেই আলোচনায় অধ্যাপক নাদির জুনাইদের নাম। বুধবার শিক্ষার্থীরা তার বিরুদ্ধে ব্যক্তিগত আক্রোশ থেকে স্নাতকোত্তর পরীক্ষার ফলাফলে ধস নামিয়েছেন মর্মে উপাচার্যকে অভিযোগ দেন। এরই মধ্যে গত শনিবার এক ছাত্রী তার বিরুদ্ধে যৌন হয়রানি ও মানসিক নির্যাতনের অভিযোগ তোলেন। এ ঘটনায় প্রক্টরের কাছে লিখিত অভিযোগ দেন ওই শিক্ষার্থী। এতে ফুঁসে ওঠেন শিক্ষার্থীরা। গত দু'দিন থেকে তারা ক্লাস বর্জন করে আন্দোলন করে আসছেন। এরই মধ্যে সোমবার বিকেলে রেজিস্ট্রারের দপ্তর থেকে বিভাগীয় প্রধান অধ্যাপক আবুল মনসুরের কাছে আসা চিঠিতে নাদির জুনাইদকে ছুটিতে পাঠানোর তথ্য জানানো হয়। (রেডিও টুডে : ২১৪৫ ঘ. ১২.০২.২০২৪ আসাদ)

### বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের তিন ফরমেটেই নেতৃত্ব দেবেন নাজমুল হোসেন শান্ত

জাতীয় দলের নেতৃত্ব থেকে সরে গেছেন সাকিব আল হাসান। তিন ফরমেটের নেতৃত্বের ভার দেয়া হয়েছে নাজমুল হোসেন শান্তকে। সোমবার বোর্ড সভার পর এ বছরের মতো শান্তকে অধিনায়ক করার কথা জানিয়েছে বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপন। বিসিবি সভাপতি পাপন বলেন নাজমুল হোসেন শান্তকে সব ফরমেটের নতুন অধিনায়ক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। এ বছর টেস্ট, ওয়ানডে ও টি-টোয়েন্টিতে বাংলাদেশকে নেতৃত্ব দেবেন তিনি। এছাড়া বাংলাদেশ ক্রিকেট দলের প্রধান নির্বাচক হিসেবে নান্নুর সঙ্গে আর নতুন করে চুক্তি করেনি ক্রিকেট বোর্ড বিসিবি। নতুন প্রধান নির্বাচক হিসেবে দায়িত্ব দেয়া হয়েছে সাবেক অধিনায়ক গাজী আশরাফ হোসেন লিপুকে। তিনি বাংলাদেশ ক্রিকেট দলের প্রথম ওয়ানডে অধিনায়ক ছিলেন। এছাড়া বাদ পড়েছেন আর এক নির্বাচক হাবিবুল বাশার সুমন। তার জায়গায় এসেছেন হান্না সরকার। তবে টিকে গেছেন আগের প্যানেলের আব্দুর রাজ্জাক। সোমবার বিসিবির বোর্ড মিটিং শেষে সভাপতি ও ক্রীড়া প্রতিমন্ত্রী নাজমুল হাসান পাপন এসব তথ্য জানান।

(রেডিও টুডে : ২১৪৫ ঘ. ১২.০২.২০২৪ আসাদ)

### দেশকে সন্ত্রাস-জঙ্গিবাদ ও মাদক থেকে রক্ষা করতে চায় সরকার

দেশকে সন্ত্রাস জঙ্গিবাদ ও মাদক থেকে রক্ষা করতে চায় সরকার। দুর্নীতির বিরুদ্ধে সরকারি যুদ্ধ অব্যাহত থাকবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসব বিষয়ে দায়িত্ব অব্যাহত রাখতে আনসার বাহিনীর প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। সোমবার গাজীপুরের সখিপুরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৪৪তম জাতীয় সমাবেশে এসব কথা বলেন সরকার প্রধান। তিনি বলেন, হরতাল-অবরোধে আগুনসন্ত্রাস প্রতিরোধ ও জাতীয় সম্পদ রক্ষায় আনসার বাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। দেশের প্রতিটি গ্রামকে নিরাপদ এবং স্মার্ট গ্রাম গড়ে তুলতে সরকার কাজ করছে বলে জানান প্রধানমন্ত্রী। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০২.২০২৪ রুবাইয়া)

### সংরক্ষিত মহিলা আসনে নির্বাচনের পর মন্ত্রিসভার আকার বড় হতে পারেঃ ওবায়দুল কাদের

জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনে নির্বাচনের পর মন্ত্রিসভার আকার বাড়তে পারে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সোমবার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার ভি

মন্টিটসকির সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। মন্ত্রিসভার পরিধি বাড়ছে এমন কথা শোনা যাচ্ছে বলে সাংবাদিকরা জানতে চাইলে ওবায়দুল কাদের বলেন এটা প্রধানমন্ত্রী বলতে পারবেন। তবে এখানে সময় মত কিছু জায়গায় যেমন শ্রম মন্ত্রণালয় ও সংস্কৃত মন্ত্রণালয় এগুলোতে কোনো না কোনো সময় মন্ত্রী আসবে। আমার মনে হয় সংরক্ষিত মহিলা আসনগুলো আসার পরে মন্ত্রী আসতে পারে।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০২.২০২৪ রুবাইয়া)

## মানবতা বিরোধী অপরাধের মামলায় শেরপুরের ৩ আসামির আমৃত্যু কারাদণ্ড দিয়েছেন আদালত

একাত্তরের মানবতা বিরোধী অপরাধের মামলায় শেরপুরের নকলার আকরামসহ ৩ আসামির আমৃত্যু কারাদণ্ড দিয়েছেন আদালত। সোমবার বিচারপতি মোহাম্মদ শাহিনুর ইসলামের নেতৃত্বাধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল এই রায় দেন। কারাগারে থাকা তিন আসামী হলেন আমিনুজ্জামান, মোখলেছুর রহমান ফারুক ও এ কে এম আকরাম হোসেন। আসামিদের বিরুদ্ধে হত্যা-নির্যাতন ও অগ্নিসংযোগের চারটি অভিযোগের উপর শুনানি হয়। তাদের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের ১৩ জন সাক্ষী সাক্ষ্য দেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০২.২০২৪ রুবাইয়া)

## দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে স্থগিত হওয়া নওগাঁ-২ আসনের ভোটগ্রহণ চলছে

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে স্থগিত হওয়া নওগাঁ-২ আসনের ভোট গ্রহণ চলছে। সোমবার সকাল আটটা থেকে ভোট গ্রহণ শুরু হয়েছে। বিরতিহীন চলবে বিকেল চারটা পর্যন্ত। জাতীয় নির্বাচনের আট দিন আগে গত ২৯ ডিসেম্বর নওগাঁ-২ আসনের স্বতন্ত্র প্রার্থী আমিনুল ইসলাম হঠাৎ মারা যান। এ ঘটনায় এ আসনে নির্বাচন স্থগিত করেছিল নির্বাচন কমিশন। জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবার পরের দিন ৮ জানুয়ারি ভোট গ্রহণের নতুন তফসিল ঘোষণা করে ইসি। তাফসিল অনুযায়ী আজ ভোট নেয়া হচ্ছে। নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী শহীদুজ্জামান সরকার, জাতীয় পার্টি প্রার্থী তোফাজ্জল হোসেন, স্বতন্ত্র প্রার্থী আওয়ামী লীগের কেন্দ্রীয় উপকমিটির সাবেক সহসম্পাদক ও জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য এইচ এম আখতারুল আলম ও মুক্তিযোদ্ধার সন্তান কমান্ড কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী মাহমুদ রেজা প্রতিদ্বন্দ্বিতা করছেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০২.২০২৪ রুবাইয়া)

## যশোরের অভয়নগরে যুবলীগ নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা

যশোরের অভয়নগরে যুবলীগ নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। রোববার দিবাগত রাত পৌনে দশটার দিকে উপজেলার নোয়াপাড়া বাজার এলাকায় এই ঘটনা ঘটে। নিহত যুবলীগ নেতার নাম মুরাদ হোসেন। তিনি নোয়াপাড়া পৌরসভার চার নম্বর ওয়ার্ডের শাখা যুবলীগের সাধারণ সম্পাদকের দায়িত্ব ছিলেন। পুলিশ জানিয়েছে রাতে নোয়াপাড়া বাজার থেকে তরফদার পাড়ার বাড়ির দিকে হেঁটে যাচ্ছিলেন মুরাদ। পথে তার উপর হামলা হয়। এসময় অস্ত্রের আঘাতে তিনি জখম হন। মুরাদকে আশঙ্কাজনক অবস্থায় প্রথমে অভয়নগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়। সেখান থেকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। পরে সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০২.২০২৪ রুবাইয়া)

## চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির নির্বাচনে ১৩টি পদে জয় পেয়েছে আইনজীবী ঐক্য পরিষদ

চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির নির্বাচনে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ১৩টি পদে জয় পেয়েছে বিএনপি-জামায়াত সমর্থিত আইনজীবী ঐক্য পরিষদ। আওয়ামী লীগ সমর্থিত আইনজীবী সমন্বয় পরিষদ পেয়েছে সহসভাপতি -সহ সাতটি পদ। স্বতন্ত্রভাবে নির্বাচিত হয়েছে একটি পদে। ঘোষিত ফলাফলে দেখা যায় নির্বাচনে সভাপতির পদে ঐক্য পরিষদের মোহাম্মদ নাজিম উদ্দিন চৌধুরী ২৭৯৬ ভোট পেয়ে জয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সমন্বয়ে পরিষদের আবু মোহাম্মদ হোসেন পেয়েছেন ১৫৯৪ ভোট। সাধারণ সম্পাদক পদে ঐক্য পরিষদের মোঃ আশরাফ হোসেন চৌধুরী ২২৮৪ ভোট পেয়ে জয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সমন্বয় পরিষদের মোঃ ফকর উদ্দিন জাবেদ উদ্দিন পেয়েছেন ২১০৭ ভোট। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০২.২০২৪ রুবাইয়া)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে শত্রুতা করে রাশিয়ার সঙ্গে বন্ধুত্ব করতে চায় না সরকার : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন কথা বেশি না বলে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। তবে রাতারাতি বাজার নিয়ন্ত্রণ করা যায় না। বিশ্ব পরিস্থিতির উপর অনেক কিছু নির্ভর করে। তিনি আরো বলেন যুক্তরাষ্ট্রের সঙ্গে শত্রুতা করে রাশিয়ার সঙ্গে বন্ধুত্ব করতে চায় না বাংলাদেশ। ভিন্ন কৌশলে রূপপুরের জন্য বেশ কিছু জিনিস নিয়ে আসা হয়েছে যাতে যুক্তরাষ্ট্রের সঙ্গে শত্রুতা না হয়। সোমবার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার মন্টিটস্কির সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের এসব কথা বলেন।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১২.০২.২০২৪ আসাদ)

## রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে দিল্লির সহযোগিতা চাওয়া হয়েছে : পররাষ্ট্রমন্ত্রী

মিয়ানমারের চলমানের সংঘাত নিয়ে ভারতের সঙ্গে আলোচনা হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে তার ভারত সফর উপলক্ষ্যে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন মিয়ানমারের অভ্যন্তরীণ সংকটের কারণে আঞ্চলিক অস্থিরতা তৈরি হয়েছে। এই সংকট মোকাবেলায় এবং রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে দিল্লির সহযোগিতা চাওয়া হয়েছে। ভারতের আগামী নির্বাচনের পর তিস্তা পানি বণ্টন ইস্যুতে দেশটির সঙ্গে বাংলাদেশের আলোচনা হবে বলেও জানান তিনি।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১২.০২.২০২৪ আসাদ)

## দুর্নীতি ও অনিয়মের খবর প্রকাশ করলেই সাংবাদিকদের উপর নিপীড়ন নেমে আসে : রিজভী

সাংবাদিক দম্পতি সাগর সরোয়ার ও মেহেরুন রুনি হত্যাকাণ্ডের পর এক যুগ পেরিয়ে গেলেও বিচার না হওয়ায় নিন্দা জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। ক্ষমতায় গেলে বিএনপি এই হত্যাকাণ্ডের বিচার করবে বলেও জানান তিনি। সোমবার সমসাময়িক ইস্যুতে রাজধানীর নয়াপল্টনে বিএনপি'র কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে রিজভী এসব কথা বলেন। রুহুল কবির রিজভী বলেন পরিকল্পিতভাবে সাংবাদিকদের হত্যা করা হচ্ছে। গত ১৫ বছরে ৪ হাজার সাংবাদিক নিপীড়ন ও ও নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে ৫৯ জন সাংবাদিককে হত্যা করা হয়েছে। ক্ষমতাসীনদের দুর্নীতি ও অনিয়মের খবর প্রকাশ করলেই সাংবাদিকদের উপর নিপীড়ন নেমে আসছে বলেও মন্তব্য করেন বিএনপির এই নেতা। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১২.০২.২০২৪ আসাদ)

## আবু সাঈদ চাঁদের জামিন নামঞ্জুর করেছেন আদালত

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি ও রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে রাজশাহী জেলা বিএনপির আহবায়ক আবু সাঈদ চাঁদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। সোমবার দুপুরে তার জামিন আবেদন নামঞ্জুর করে এই নির্দেশনের পর বিশেষ নিরাপত্তায় তাকে জেলা কারাগারে পাঠানো হয়েছে। শেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ছানোয়ার হোসেন ছানুর দায়ের করা মামলায় শেরপুর জিআর আমলি আদালতের বিচারক সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ ইকবাল মাহমুদ এই নির্দেশ দেন।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১২.০২.২০২৪ আসাদ)

## সংকট কাটিয়ে উন্নয়নের পথে ফিরতে শুরু করেছে বাংলাদেশ : অর্থমন্ত্রী

অর্থনীতিতে কিছু সংকট থাকলেও বাংলাদেশ তা কাটিয়ে উন্নয়নের পথে ফিরতে শুরু করেছে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী । আজ সোমবার সচিবালায়ে জাতিসংঘের বিশেষায়িত প্রতিষ্ঠান আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিলের কান্ট্রি ডিরেক্টর আর্নড হেমলিয়ারসের সঙ্গে সৌজন্য সাক্ষাতের পর অর্থমন্ত্রী এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন বাংলাদেশ দেউলিয়া হয়ে যায়নি, সংকট আছে সমাধানের চেষ্টাও আছে।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১২.০২.২০২৪ আসাদ)

## আইন অনুযায়ী ড. ইউনুসের প্রতি অনুকম্পা দেখানোর কোন সুযোগ নেই : হাইকোর্ট

৫০ কোটি টাকা জমা দিয়ে শান্তিতে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের গ্রামীন টেলিকম ট্রাস্টকে ২০১১ থেকে ২০১৩ বর্ষের আয়কর আপিল ফাইল করতে হবে বলে রায় দিয়েছেন হাইকোর্ট। সোমবার ড. ইউনূসের আবেদন খারিজ করে এই রায় দেন হাইকোর্ট। বিচারপতি মোহাম্মদ খুরশিদ আলম সরকার ও বিচারপতি রাশেদ জাহাঙ্গীরের হাইকোর্ট বেঞ্চ এই রায় দেন। হাইকোর্ট জানান আইন অনুযায়ী যেটা দেওয়ার সেটা ড. ইউনুসকে দিতে হবে। এখানে অনুকম্পা দেখানোর কোনো সুযোগ নেই। এর আগে রাষ্ট্রপক্ষকে হাইকোর্ট জানিয়ে ছিল ২০১২ থেকে ২০১৭ সাল পর্যন্ত গ্রামীণ কল্যাণ ও গ্রামীণ টেলিকম ট্রাস্টের ১১০০ কোটি টাকার রাজস্ব ফাঁকি দিয়েছেন ড. ইউনুস।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১২.০২.২০২৪ আসাদ)

## দীর্ঘ ৫৯ বছর পর বাংলাদেশ ও ভারতের মধ্যে চালু হয়েছে সুলতানগঞ্জ-মুর্শিদাবাদ নৌরুট

দীর্ঘ অপেক্ষার পর চালু হয়েছে রাজশাহীর সুলতানগঞ্জ ও ভারতের মুর্শিদাবাদ নৌরুট। সোমবার বেলা এগারোটায় নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী গোদাগাড়ী উপজেলার সুলতানগঞ্জ প্রান্তে আনুষ্ঠানিকভাবে এই কার্যক্রমের উদ্‌বোধন করেন। এর ফলে ৫৯ বছর পর চালু হল এই নৌরুটটি। প্রথম দিন সকালে সুলতানগঞ্জ থেকে ১০টন তুলা নিয়ে একটি ট্রলার যায় ভারতের মায়াবন্দরে। ব্যবসায়ীরা বলছেন এই বন্দরটি চালুর ফলে দু দেশের ব্যবসায়ীরা উপকৃত হবে, বাণিজ্যে আসবে গতিশীলতা। বন্দরটি চালুর ফলে  দুই দেশের দূরত্ব কমবে ১২০ কিলোমিটার। বাংলাদেশ ও ভারতের প্রতিনিধিরা বলছেন, এই বন্ধর চালুর ফলে শুধু দুই দেশের বাণিজ্যিক সম্পর্কই নয় আরো সুদৃঢ় হবে দুই দেশের বন্ধুত্বের সম্পর্ক। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১২.০২.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা রাখবে আনসার : প্রধানমন্ত্রী

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার, ১২ ফেব্রুয়ারি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৪৪তম জাতীয় সমাবেশ উপলক্ষ্যে এক বাণীতে এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, '১৯৪৮ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর রয়েছে এক গৌরবোজ্জ্বল ইতিহাস। ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধে এ বাহিনীর সক্রিয় অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে এ বাহিনীর সদস্যরা মহান মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েন। মুক্তিযুদ্ধের প্রারম্ভে আনসার সদস্যরা নিজেদের অস্ত্রাগারে রক্ষিত ৪০ হাজার থ্রি-নট-থ্রি রাইফেল মুক্তিযোদ্ধাদের হাতে তুলে দেন।' তিনি আরো বলেন, '১৯৭১ সালের ১৭ এপ্রিল ১২ জন বীর আনসার সদস্য মুজিবনগরে বাংলাদেশের প্রথম সরকারকে গার্ড অব অনার প্রদান করে যা এ বাহিনীকে করেছে গৌরবান্বিত।' আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের সব উন্নয়ন কার্যক্রম ও সাফল্যের অন্যতম অংশীদার বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, 'জনসম্পৃক্ত সুশৃঙ্খল এ বাহিনী গুরুত্বপূর্ণ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিতকরণ, পরিবার পরিকল্পনা, জনস্বাস্থ্য, দুর্যোগ মোকাবিলা, পরিবেশ রক্ষা, বৃক্ষরোপণ, নারী ও শিশুপাচার রোধ এবং আইনশৃঙ্খলা রক্ষাসহ বিভিন্ন সামাজিক কার্যক্রমে অনবদ্য অবদান রাখছে। নারীর ক্ষমতায়ন, জনকল্যাণ ও উন্নত জাতি গঠনে প্রায় ৬১ লাখ সদস্যের এ বাহিনীর বহুমুখী উন্নয়নমূলক কর্মতৎপরতা সত্যিই প্রশংসনীয়। এছাড়া খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রমে এ বাহিনীর সদস্যরা অসামান্য কৃতিত্বের স্বাক্ষর রেখে চলেছেন।' শেখ হাসিনা বলেন, 'আওয়ামী লীগ সরকার এ বাহিনীর আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধিতে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। বাহিনীর সদস্যদের জন্য নতুন পোশাক প্রবর্তন, পারিবারিক রেশন প্রদান, সাধারণ আনসারের রেশন সামগ্রীর পরিমাণ বৃদ্ধি, সাহসিকতা ও সেবামূলক কাজের স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রীয় পদক প্রবর্তন, কর্মকর্তাদের জন্য বিভিন্ন গ্রেডে নতুন পদ সৃজন, টিআইদের পদোন্নতি এবং কর্মকর্তা-কর্মচারী ও ব্যাটালিয়ন সদস্যদের বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া একটি বিশেষায়িত গার্ড ব্যাটালিয়ন-সহ নতুন আনসার ব্যাটালিয়ন গঠন, ব্যাটালিয়ন আনসার সদস্যদের স্থায়ীকরণের মেয়াদ হ্রাস এবং আনসার ব্যাটালিয়নের তিনটি পদবির বেতন গ্রেডের ধাপ উন্নীত করা হয়েছে। বাহিনীর অবকাঠামো-সহ সর্বক্ষেত্রে আধুনিকায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর অংশ হিসেবে ইতোমধ্যে রেঞ্জ, জেলা এবং উপজেলা পর্যায়ে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ভবন নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে।' সরকার প্রধান বলেন, 'জাতীয় ও স্থানীয় নির্বাচন, বিভিন্ন ধর্মীয় উৎসব ও জাতীয় গুরুত্বপূর্ণ যে কোনো প্রয়োজনে এ বাহিনীর সদস্যরা আত্মনিবেদিত ও সদা তৎপর। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে দায়িত্ব পালনকারী এ বাহিনীর সব সদস্যকে আমি বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি।' শেখ হাসিনা বলেন, 'একক বাহিনী হিসেবে সর্বোচ্চ সংখ্যক ৫ লাখ ১৭ হাজার ১৪৩ জন আনসার-ভিডিপি সদস্য নির্বাচনে মোতায়েন করা হয়েছিল। বৈশ্বিক মহামারি করোনা সংক্রমণের শুরুতেই মৃত্যুঝুঁকি উপেক্ষা করে জনসচেতনতামূলক কার্যক্রম, মাস্ক ও লিফলেট বিতরণ, শ্রমিক সংকটকালে কৃষকের ফসল ঘরে তোলা, ত্রাণ বিতরণ এবং হাসপাতালে আগত রোগীদের সহায়তা প্রদান-সহ কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধ করে নিবন্ধন কার্যক্রমে সহযোগিতা ও কোভিড-১৯ বিশেষায়িত হাসপাতালে দায়িত্ব পালনে এ বাহিনীর সদস্যদের সাহসী উদ্যোগ সত্যিই প্রশংসনীয়।' প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রতিটি সদস্য দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে বাহিনীর সুনাম, ঐতিহ্য ও মর্যাদা অক্ষুণ্ণ রেখে দেশ ও জাতির শান্তি-শৃঙ্খলা রক্ষা ও সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে আরো অবদান রেখে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ তথা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালন করবে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

### আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জাতীয় সম্পদ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জাতীয় সম্পদ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এই বাহিনীটিকে আরো স্মার্ট ও আধুনিক করতে কাজ করছে সরকার।' সোমবার, ১২ ফেব্রুয়ারি গাজীপুরের সফিপুরের আনসার-ভিডিপির সমাবেশে তিনি একথা বলেন। সকাল ১০টার পর গাজীপুরের সফিপুরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সমাবেশে যোগ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেখানে ছাদখোলা জিপে প্যারেড পরিদর্শন করেন তিনি। ঘুরে দেখেন বিভিন্ন কন্টিনজেন্টের জমায়েত। প্রধানমন্ত্রীকে প্যারেডের মাধ্যমে সালাম জানায় আনসারের বিভিন্ন ইউনিট। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অভিবাদন গ্রহণ করেন তিনি। এ সময় বাহিনীতে বিশেষ অবদানের জন্য বিভিন্ন পর্যায়ের ১৮০জনকে আনসার পদক পরিয়ে দেন সরকার প্রধান। আনসার একাডেমির অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, 'সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক থেকে সমাজকে রক্ষায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে যথাযথ দায়িত্ব পালন করতে হবে। এই বাহিনী স্মার্ট ও আধুনিক হয়ে গড়ে উঠবে। সেই লক্ষ্যে কাজ করছে সরকার।' এসময় এই বাহিনীর

জন্য একটি ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ করে দেওয়ার ঘোষণা দেন সরকার প্রধান। তিনি বলেন, 'গ্রাম উন্নয়নের লক্ষ্যে কাজ করেছে সরকার। সহযোগিতায় করছে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।' শেখ হাসিনা বলেন, 'সাধারণ মানুষের মধ্যে একটা আত্মবিশ্বাস প্রতিষ্ঠিত হয়েছে। যেকোনো পরিস্থিতি সামাল দেয়ার মতো সক্ষমতা আছে বাংলাদেশের। জননিরাপত্তা রক্ষায় যেকোনো অশুভ তৎপরতা মোকাবিলায় সতর্ক থাকতে হবে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে।' এসময় আনসার বাহিনীর ভূয়সী প্রশংসা করে তিনি বলেন, 'জাতীয় যেকোনো প্রয়োজনে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অত্যন্ত দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছে। নির্বাচন ঠেকানোর নামে বিএনপি-জামায়াতের ধ্বংসাত্মক কর্মসূচি প্রতিহত করে জাতীয় সম্পদ রক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন তারা।' সমাবেশে অংশ নেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, সিনিয়র সচিব মোঃ মোস্তাফিজুর রহমান, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক, ডিজি মেজর জেনারেল এ কে এম আমিনুল হক, অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজিম উদ্দিন, আনসার ও ভিডিপি একাডেমির কমান্ড্যান্ট মোঃ নূরুল হাসান ফরিদী, বাহিনীর উপ-মহাপরিচালক, অন্যান্য কর্মকর্তা ও আনসার-ভিডিপির সদস্যরা। এছাড়া আরো উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদের সদস্যরা, সংসদ সদস্য, মন্ত্রিপরিষদ সচিব, তিন বাহিনী প্রধান, সিনিয়র সচিব-সহ বিভিন্ন বাহিনীর প্রধানরা। অপরদিকে কূটনৈতিক ব্যক্তি, সামরিক ও বেসামরিক উর্ধ্বতন কর্মকর্তা, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার উর্ধ্বতন ব্যক্তিরা আমন্ত্রিত হয়েছেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## মন্ত্রিসভার আকার বাড়তে পারে : ওবায়দুল কাদের

জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনে সংসদ সদস্য নির্বাচনের পর মন্ত্রিসভার আকার বাড়তে পারে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সোমবার, ১২ ফেব্রুয়ারি সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার ভি মান্টিটস্কির সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে একথা বলেন তিনি। মন্ত্রিসভার পরিধি বাড়ছে, এমন একটা কথা শোনা যাচ্ছে, জানতে চাইলে ওবায়দুল কাদের বলেন, `এটা প্রধানমন্ত্রী বলতে পারেন। তবে এখানে সময় মতো কিছু জায়গায় যেমন শ্রম মন্ত্রণালয় ও সংস্কৃতি মন্ত্রণালয়, এগুলোতে কোনো না কোনো সময় মন্ত্রী আসবে।, তিনি বলেন, `এটা আমার মনে হয় সংরক্ষিত মহিলা আসনগুলো আসার পরে, মন্ত্রী আসতে পারে। সেই হিসেবে এরপরে চিন্তা-ভাবনা। প্রধানমন্ত্রীর এখতিয়ারে তিনি এটা করবেন।, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ ২২৩টি, স্বতন্ত্র ৬২ এবং জাতীয় পার্টি ১১টি আসনে জয় পেয়েছে। জাতীয় সমাজতান্ত্রিক দল, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি ও বাংলাদেশ কল্যাণ পার্টি একটি করে আসনে জয়ী হয়েছে। গত ১১ জানুয়ারি গঠিত হয় নতুন মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী-সহ নতুন মন্ত্রিসভার সদস্য ৩৭ জন। নতুন মন্ত্রিসভায় ২৫ জন মন্ত্রী এবং ১১ জন প্রতিমন্ত্রী রয়েছেন। খালি রয়েছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। আরো নতুন মন্ত্রী-প্রতিমন্ত্রী নিয়োগের জন্য এরই মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের প্রস্তুতি রয়েছে বলে জানা গেছে। প্রস্তুত রাখা হয়েছে ১২টি গাড়ি। প্রধানমন্ত্রীর কাছ থেকে নির্দেশনা পাওয়ার অপেক্ষায় মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তারা। এরই মধ্যে জাতীয় সংসদের ৫০টি সংরক্ষিত নারী আসনে নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন, ইসি। তফসিল অনুযায়ী, ভোট হবে আগামী ১৪ মার্চ। অবশ্য সংরক্ষিত নারী আসনে সাধারণত নিজেদের প্রাপ্য আসনগুলোয় একক প্রার্থী মনোনয়ন দেয় দল বা জোটগুলো। ফলে এখানে ভোটের প্রয়োজন হয় না। সংরক্ষিত নারী আসনের নির্বাচনে ১৮ ফেব্রুয়ারি সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র জমা দেওয়া যাবে। মনোনয়নপত্র বাছাই হবে ১৯ ও ২০ ফেব্রুয়ারি। মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## বাংলাদেশে সংকট আছে কিন্তু আমরা ওভারকাম করছি : অর্থমন্ত্রী

বাংলাদেশ ধীরে ধীরে উন্নতি করছে মন্তব্য করে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেন, 'বাংলাদেশে সংকট আছে কিন্তু আমরা ওভারকাম করছি। একই সঙ্গে বাংলাদেশ এখন উর্ধ্বমুখীর দিকে। বাংলাদেশ যে সম্ভাবনার দেশ সেই ট্রেকেই ফিরে এসেছি।' সোমবার, ১২ ফেব্রুয়ারি সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের নিজ দফতরে এশিয়া উন্নয়ন ব্যাংক, এডিবি প্রতিনিধি, ফ্রান্স সরকারের জলবায়ু বিষয়ক বিশেষ দূত স্টিফেন ক্রোজা ও আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল, আইএফডির কান্ট্রি ডিরেক্টর আর্নড হেমলিয়ারসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, 'বাংলাদেশে যে ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট বা আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিলের প্রজেক্ট কার্যক্রম চালু আছে। সেখানে তারা নতুন নতুন আইডিয়া নিয়ে আসছে সেগুলো নিয়েই আলোচনা হচ্ছে।' নির্দিষ্ট কোনো বিষয়ে ফোকাসের কথা বলা হয়েছে কি না জানতে চাইলে তিনি বলেন, 'সে রকম কিছু নেই। তবে তারা ধীরে ধীরে উন্নয়ন করে। প্রতি বছরই আমাদের সঙ্গে আলোচনা হয়। চলতি বছর ইনোভেশন বিষয়ে বাংলাদেশ-সহ অন্য সবার সঙ্গে আলোচনা হয়েছে।' আইএফডি বলেছে তারা আরো কো-অপারেশন চায়, সেদিক থেকে আমাদের প্রত্যাশাটা কী? এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, 'সবাই তাদের আইডিয়ার কথা বলে, আপনারা চিন্তা করেন কী করা যায়। বাংলাদেশে এখন অনেক ধরনের সমস্যা আছে। এর মধ্যে মার্কেটিং একটা সমস্যা। কৃষকের কাছ থেকে পণ্য ঢাকায় আসতে আসতে এটা মধ্যস্বত্বভোগীদের হাতে চলে যায়। এটা একটা

বড় সমস্যা। আমরা চিন্তা-ভাবনা করছি কীভাবে এটা পরিবর্তন করা যায়। আইএফডি এখানে সবসময় আমাদেন সাহায্য করে। শুধু তারা একা নয়, আমাদের অনেক পার্টনার আছে, যেমন জাপান, এশিয়া ডেভেলপমেন্ট ব্যাংক। এছাড়া আমাদের ডেভেলপমেন্ট পার্টনার আছে তারা বিভিন্ন আইডিয়া নিয়ে আসে। তারপর মিলেমিশে আমরা একটা রাস্তা বের করে যেতে শুরু করি।' তিনি বলেন, 'আমরা কোনো নির্দিষ্ট দেশের ওপর নির্ভরশীল না। কিন্তু আমরা সবার সঙ্গে পরামর্শ করে কাজ করি, আইডিয়া গ্রহণ করি। আর্থিকভাবে বিভিন্ন পার্টনার সহায়তা করে।' এডিবি ও ফ্রান্সের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করেছেন সেখানে কী আলোচনা হয়েছে? সাংবাদিকদের এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, 'দেখা যাক বাংলাদেশ তো এখন ভালো করছে। তবে আমরা সমস্যা থেকে একেবারে বের হয়ে গেছি তা নয়। কিন্তু জিনিসটা তো চলছে।' এডিবি নতুন কোনো কমিটমেন্ট করেছে কি না? এমন প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী বলেন, 'নিশ্চয়ই করেছে, তারা তো বাংলাদেশকে সাহায্য করছে। এটা চলমান, চলতে থাকবে।' তাহলে একটা কথা অনেকেই বলে বাংলাদেশ কি দেউলিয়া হয়ে গেলো, না বাংলাদেশ কোথায় দেউলিয়া। এত বড় একটা দেশ দেউলিয়া হতে পারে না। আমাদের রিজার্ভ উন্নতি করছে।' দেশের সংকট কি কেটে যাচ্ছে বলা যায়? এমন প্রশ্নের উত্তরে আবুল হাসান মাহমুদ আলী বলেন, 'হ্যাঁ, সংকট অন গোয়িং। সংকট আছে কিন্তু আমরা ওভারকাম করছি। ধীরে ধীরে আমরা উন্নতি করছি। একদিনে যদি ধারণা করে থাকেন, নতুন মন্ত্রিসভা হলো কালকে সব ঠিক হয়ে যাবে। এ রকম হবে না। কিন্তু অন দি ওয়ে, ধীরে ধীরে করতে হবে।' আমরা ট্রেকে ফিরলাম কি না এমন প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী বলেন, 'হ্যাঁ আমরা ট্রেকে ফিরলাম। অবশ্য আমি এটা আগেও বলেছি।' (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## মিয়ানমার ইস্যুতে একসঙ্গে কাজ করবে বাংলাদেশ ও ভারত : পররাষ্ট্রমন্ত্রী

মিয়ানমার ইস্যুতে বাংলাদেশ ও ভারত একসঙ্গে কাজ করবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। দিল্লি সফর শেষে সোমবার, ১২ ফেব্রুয়ারি দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান তিনি। মিয়ানমার ইস্যুতে বাংলাদেশ-ভারত কীভাবে একসঙ্গে কাজ করবে এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'আমরা তাদের সঙ্গে বর্ডার শেয়ার করি। সুতরাং মিয়ানমারে যদি কোনো পরিস্থিতির উদ্বেগ ঘটে তাহলে সেটি আমাদের দেশকে যেভাবে ক্ষতিগ্রস্ত বা উদ্বিগ্ন করে তাদেরও উদ্বিগ্ন করে। সুতরাং দুই দেশেরই যেহেতু উদ্বেগ প্রতিবেশীকে নিয়ে, তাই আমাদের একসঙ্গে কাজ করার অনেক বিষয় রয়েছে। সেজন্য আমরা একসঙ্গে কাজ করব বলে আলোচনা করেছি। বিশেষ করে রোহিঙ্গাদের প্রত্যাবাসনের ব্যাপারে আমরা ভারতের সহযোগিতা সবসময় চেয়েছি এবারো চেয়েছি।' মিয়ানমার ইস্যুতে ভারত সফরে বিস্তারিত আলোচনা হয়েছে উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'মিয়ানমারে এখন যে সংঘাত চলছে সেই সংঘাতের কারণে আমাদের অঞ্চলে যে সংকট তৈরি হয়েছে সে বিষয় নিয়ে আলোচনা করেছি। বিশেষ করে মিয়ানমার থেকে যেসব রোহিঙ্গাকে বিতাড়িত করা হয়েছে তাদের নাগরিক অধিকার দিয়ে সেখানে ফেরত নেওয়ার বিষয়ে ভারতের সহায়তা কামনা করেছি।' বিএনপির তরফ থেকে মিয়ানমার ইস্যুতে সরকার তথ্য গোপন করছে বলে যে অভিযোগ তোলা হয়েছে সে বিষয়ে জানতে চাইলে মন্ত্রী বলেন, 'প্রতিদিন বক্তব্য দিয়ে বিএনপি যে আছে সেটি জানান দিতে চায়। এখানে মিয়ানমারের যত সদস্য আমাদের দেশে প্রবেশ করেছে তাদের বিষয়ে আমরা সময়ে সময়ে গণমাধ্যমকে অবহিত করেছি। এখানে লুকোচুরি করার প্রশ্নই আসে না। তাদের ফেরত পাঠানোর উদ্যোগ নেওয়া হয়েছে। আশা করি খুব সহসা তাদের ফেরত পাঠাতে পারব।' তিনি বলেন, 'বিএনপি এখন পুরোনো গাড়ি। স্টার্ট দিয়ে একটু চালু রাখার চেষ্টা করছে। তাদের কর্মীদের মধ্যে যে হতাশা তৈরি হয়েছে কর্মসূচি দিয়ে এসব হতাশা কাটানোর চেষ্টা করছে। আমরা চাই তারা গণতান্ত্রিক কর্মসূচির মধ্যে থাকবে। সরকারের প্রতিবাদ তারা করতেই পারে। কিন্তু রাজনৈতিক কর্মসূচির নামে তাদের অগ্নিসন্ত্রাস আর করতে দেওয়া হবে না।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## বাংলাদেশ সফরে সম্মতি জানিয়েছেন ভারতের রাষ্ট্রপতি

ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বাংলাদেশ সফরের বিষয়ে মৌখিকভাবে সম্মতি দিয়েছেন বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। দিল্লি সফর শেষে সোমবার, ১২ ফেব্রুয়ারি পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, ভারতের রাষ্ট্রপতিকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান তিনি। আমন্ত্রণ গ্রহণ করেছেন দ্রোপদী মুর্মু। এ ব্যাপারে প্রধানমন্ত্রীকে অবহিত করেছেন তিনি। আনুষ্ঠানিকভাবে ভারতের রাষ্ট্রপতিকে আমন্ত্রণপত্র পাঠানোর কথাও বলেন মন্ত্রী। গত ৭ ফ্রেবুয়ারি প্রথম দ্বিপক্ষীয় তিন দিনের সফরে ভারতে যান পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। শুক্রবার নয়াদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে দেশটির রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন পররাষ্ট্রমন্ত্রী। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## মেট্রোরেলের বগি বাড়বে না, বিরতির সময় কমবে

যাত্রীর চাহিদা থাকলেও মেট্রোরেলের বগি আর বাড়বে না বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তবে ফ্রিকোয়েন্সি বা বিরতির সময় কমানো হবে। সোমবার, ১২ ফেব্রুয়ারি সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার ভি মান্টিটস্কির সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন মন্ত্রী।

মেট্রোরেল যোগাযোগের ক্ষেত্রে একটা বড় সুবিধা এনে দিয়েছে। এখন মানুষের প্রচুর চাপ, অনেকে উঠতে পারে না। সেক্ষেত্রে একটা আলোচনা আছে যে, ফ্রিকোয়েন্সি কমিয়ে ট্রেন বাড়িয়ে সুবিধাটা বাড়ানো যায় কি না, এ বিষয়ে মন্ত্রী বলেন, 'বাংলাদেশে মেট্রোরেল চালু করতে পারব, কয়েক বছর আগেও এটা আমাদের কাছে স্বপ্নের মতো ছিল। মেট্রো তো বাংলাদেশ রেলওয়ে না যে যখন তখন বগি বাড়ানো যাবে। যখন তখন একটা চেঞ্জ করা যাবে। পৃথিবীর কোনো দেশে মেট্রোর বগির সংখ্যা পাঁচের বেশি নয়। আমাদের এখানে অলরেডি ছয়টা কাজ করছে।' তিনি বলেন, `এটা তো একটা টেকনোলজিক্যাল বিষয়। এটা তো সাধারণ রেলওয়ে না যে বললেই হবে। আমি অবাক হলাম, কোনো কোনো পত্রিকার সম্পাদকীয় লিখেছে যে, মেট্রোরেলের বগি আরো বাড়ানো হোক। এর বেশি বাড়ানোর কোনো সুযোগ নেই। ফ্রিকোয়েন্সিটা দুই মিনিট করে কমানোর একটা ব্যবস্থা হচ্ছে,, বলেন ওবায়দুল কাদের। এক প্রশ্নের জবাবে মন্ত্রী অন্যান্য মেট্রোরেল প্রকল্পের বিষয়ে বলেন, `ফান্ড কমিয়ে প্ল্যান বিকৃত করতে আমরা চাইছি না।,

(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## আমরা ভারতীয় মুদ্রায় ব্যবসা-বাণিজ্য করতে পারব : নৌ-পরিবহন প্রতিমন্ত্রী

বাংলাদেশি ব্যবসায়ীরা ভারতীয় মুদ্রায় ব্যবসা-বাণিজ্য করতে পারবেন বলে জানিয়েছেন নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। সোমবার, ১২ ফেব্রুয়ারি দুপুরে রাজশাহীর গোদাগাড়ীতে সুলতানগঞ্জ নৌবন্দর উদ্‌বোধন শেষে সুলতানগঞ্জ উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত সুধী সমাবেশে সাংবাদিকদের তিনি একথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, 'ভারতের সঙ্গে আমাদের চুক্তি হয়ে গেছে। আমরা ভারতীয় মুদ্রায় ব্যবসা-বাণিজ্য করতে পারব।' গোদাগাড়ী-সুলতানগঞ্জ নৌ-বন্দরটি এ অঞ্চলের অর্থনীতির জন্য নতুন দিগন্ত উন্মোচন করল মন্তব্য করে প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, 'ভারত-বাংলাদেশের সম্পর্ক অন্য উচ্চতায় নিয়ে গেলো। সুলতানগঞ্জ নৌবন্দরটি ভারতের সঙ্গে বাংলাদেশের ২৩তম নৌবন্দর। খুব শিগগীরি অবকাঠামোসহ সার্বিক উন্নয়নের মাধ্যমে পূর্ণাঙ্গ বন্দরে রূপান্তরিত হবে। এর আগে সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে খালিদ মাহমুদ চৌধুরী বলেন, 'বাংলাদেশ যেন পাকিস্তান, আফগানিস্তান, লিবিয়ার মতো বিচ্ছিন্নতাবাদী রাষ্ট্রে পরিণত হয় সেই ষড়যন্ত্র চালানো হয়েছিল। সেখান থেকে কারো সঙ্গে বৈরিতা নয়, সবার সঙ্গে বন্ধুত্বের জায়গায় নিয়ে এসেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ প্রতিবেশি রাষ্ট্র ভারতের সঙ্গে বন্ধুত্বের সম্পর্ক বিদ্যমান রয়েছে। এরইমধ্যে তাদের সঙ্গে পর্যটন পরিবহনেও অভাবনীয় একটি জায়গায় চলে এসেছি।' নৌ-প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশে ২৪টি স্থলবন্দর রয়েছে, যার ২৩টিই বন্ধুরাষ্ট্র ভারতের সঙ্গে। অপরটি মিয়ানমারের সঙ্গে। এরইমধ্যে ১৭টি স্থলবন্দর চালু হয়েছে।' এর আগে বেলা সোয়া ১১টার দিকে দীর্ঘ ৫৯ বছরের অপেক্ষা শেষে রাজশাহীর সুলতানগঞ্জ ও মুর্শিদাবাদের মায়া বন্দরের আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন নৌ-প্রতিমন্ত্রী খালেদ মাহমুদ চৌধুরী। এসময় বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা, আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও রাজশাহী সিটি মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন, রাজশাহী-১ আসনের সংসদ সদস্য ওমর ফারুক চৌধুরী, চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য আব্দুল ওদুদ, রাজশাহী-৪ আসনের সংসদ সদস্য আবুল কালাম আজাদ, রাজশাহী-৫ আসনের সংসদ সদস্য আব্দুল ওয়াদুদ দারা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ-এর চেয়ারম্যান কমোডর আরিফ আহমেদ মোস্তফা, বিআইডব্লিউটিএ-এর যুগ্মসচিব সেলিম ফকির প্রমুখ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## স্পিকারের সঙ্গে কানাডার বাংলাদেশ হাইকমিশনারের সাক্ষাৎ

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন কানাডায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার খলিল রহমান। সোমবার, ১২ ফেব্রুয়ারি সাক্ষাৎকালে তারা দ্বিপাক্ষিক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, ব্যবসা-বাণিজ্য, সংসদীয় মৈত্রী গ্রুপ-সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, 'কানাডা ও বাংলাদেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। ব্যবসা-বাণিজ্য-সহ বিভিন্ন খাতে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে দুই দেশের সরকার কাজ করে চলেছে।' স্পিকার বলেন, 'সংসদীয় মৈত্রী গ্রুপের পারস্পরিক সফর বিনিময়ের মাধ্যমে কানাডা-বাংলাদেশ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বাড়ানো যেতে পারে।' কানাডায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার খলিল রহমান বলেন, 'কানাডায় বাংলাদেশ থেকে পণ্য রফতানি অন্য যেকোনো সময়ের তুলনায় বেড়েছে।' এসময় তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মস্বীকৃত খুনি নূর চৌধুরীকে বাংলাদেশে ফিরিয়ে আনার ব্যাপারে স্পিকারকে অবগত করেন। এসময় জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## ইউটিউব ও সোশ্যাল মিডিয়ার ৯ হাজার ৫৯৮টি লিংক অপসারণ করা হয়েছে : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে ও পরে ইউটিউব ও সোশ্যাল মিডিয়া থেকে অসত্য ও উসকানিমূলক তথ্য সংশ্লিষ্ট ৯ হাজার ৫৯৮টি লিংক অপসারণ করা হয়েছে বলে জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। সোমবার, ১২ ফেব্রুয়ারি জাতীয় সংসদের অধিবেশনে আমাতুল কিবরিয়া কেয়া চৌধুরীর এক প্রশ্নের লিখিত উত্তরে তিনি এসব কথা জানান। এসময় স্পিকার শিরীন শারমিন চৌধুরী অধিবেশনে সভাপতিত্ব করেন।

তিনি জানান, 'ইউটিউব ও সোশ্যাল মিডিয়ার অসত্য ও উসকানিমূলক তথ্য প্রচারকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়টি ডাক ও টেলিযোগাযোগ বিভাগে অন্তর্ভুক্ত নয়। সদ্যসমাপ্ত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে ও পরে ইউটিউব ও সোশ্যাল মিডিয়া থেকে অসত্য ও উসকানিমূলক তথ্য সংশ্লিষ্ট ৯ হাজার ৫৯৮টি লিংক অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।' নোয়াখালী-৩ আসনের সংসদ সদস্য মামুনুর রশীদ কিরনের এক প্রশ্নের উত্তরে প্রতিমন্ত্রী বলেন, 'বিটিসিএল-এর গ্রাহক সেবায় মান বৃদ্ধির জন্য বিটিসিএল সব সেবা গ্রাহকের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার উদ্যোগ নিয়েছে। বিটিসিএল-এর একক অনলাইন পোর্টাল ও মোবাইল অ্যাপ টেলিসেবা চালু করা হয়েছে। ফলে গ্রাহক ঘরে বসেই বিটিসিএল-এর সেবা গ্রহণ এবং নতুন সংযোগ পেতে পারেন ও অভিযোগ করতে পারেন।' তিনি আরো জানান, 'বিটিসিএল-এর অফিসে গ্রাহক সেবা কেন্দ্র রয়েছে যেখানে গ্রাহক সব ধরনের সেবা পেয়ে থাকেন। পাশাপাশি বিটিসিএলে কল সেন্টার ১৬৪০২ চালু করা হয়েছে। এ সব সেবা বেগমগঞ্জের বিটিসিএল গ্রাহকরাও উপভোগ করতে পারছেন।' (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## রাজস্ব আহরণে লক্ষ্যমাত্রার ৮৭ দশমিক ৭০ শতাংশ অর্জিত হয়েছে : অর্থমন্ত্রী

চলতি ২০২৩-২৪ অর্থবছরের প্রথম ছয় মাসে, জুলাই-ডিসেম্বর পর্যন্ত রাজস্ব আহরণে লক্ষ্যমাত্রার ৮৭ দশমিক ৭০ শতাংশ অর্জিত হয়েছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তবে কর রাজস্ব লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৩ হাজার ২২৭ দশমিক ১৯ কোটি টাকা ঘাটতি রয়েছে বলে জানিয়েছেন তিনি। সোমবার, ১২ ফেব্রুয়ারি জাতীয় সংসদ অধিবেশনে আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য ডা. সামিল উদ্দিন আহমেদ শিমুলের এক প্রশ্নের লিখিত উত্তরে অর্থমন্ত্রী এসব তথ্য জানান। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। অর্থমন্ত্রী বলেন,' চলতি অর্থবছর অভ্যন্তরীণ সম্পদ বিভাগ থেকে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে চার লাখ ৩০ হাজার কোটি টাকা এবং স্ট্যাম্প শুল্ক বাবদ ১৩ হাজার ৬১৭ দশমিক ৫৭ কোটি টাকা। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের মোট রাজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে চার লাখ ৪৩ হাজার ৬১৭ দশমিক ৫৭ কোটি টাকা। ২০২৩-২৪ অর্থবছরের ডিসেম্বর ২০২৩ পর্যন্ত রাজস্ব আহরণ লক্ষ্যমাত্রার ৮৭ দশমিক ৭০ শতাংশ অর্জিত হয়েছে।' আবুল হাসান মাহমুদ আলী বলেন, 'চলতি অর্থবছরের ছয় মাসে কর রাজস্ব আদায়ের পরিমাণ এক লাখ ৬৫ হাজার ৬২৯ দশমিক ৭৫ কোটি টাকা এবং স্ট্যাম্প ডিউটি খাতে এক হাজার ৬২৬ কোটি টাকা রাজস্ব আহরণ করা হয়েছে।' তিনি জানান, 'এসময় কর রাজস্ব লক্ষ্যমাত্রা অনুযায়ী ঘাটতি রয়েছে। যার পরিমাণ ২৩ হাজার ২২৭ দশমিক ১৯ কোটি টাকা। বতর্মানে দেশে চলতি বছরের জানুয়ারি পর্যন্ত আয়কর রিটার্ন জমাদানকারীর সংখ্যা ৩৬ লাখ ৬২ হাজার ৮১ জন।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## বাণিজ্য প্রতিমন্ত্রীর সঙ্গে তিন দেশের প্রতিনিধির সাক্ষাৎ

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটুর সঙ্গে কানাডার হাইকমিশনার লিলি নিকহোলস, ইরানের রাষ্ট্রদূত মানসোর চাভোসি এবং নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারি সৌজন্য সাক্ষাৎ করেছেন। সোমবার, ১২ ফেব্রুয়ারি বাণিজ্য মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রীর অফিসকক্ষে তিন দেশের প্রতিনিধি পৃথকভাবে সাক্ষাৎ করেন। কানাডার হাইকমিশনারের সঙ্গে আলাপকালে প্রতিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী বাংলাদেশের রফতানিযোগ্য নতুন পণ্য ও নতুন রফতানির বাজার সম্প্রসারণে নির্দেশনা দিয়েছেন। বাংলাদেশের রফতানি আয়ের উল্লেখযোগ্য অংশ আসে তৈরি পোশাক খাত থেকে। বাংলাদেশ ওষুধ, বাইসাইকেল রফতানি করতে আগ্রহী।' এ সময় কানাডার হাইকমিশনার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার নেতৃত্বের প্রশংসা করে জানান, 'কানাডা ও বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক দীর্ঘদিনের। তিনি কানাডা থেকে ক্যানোলা তেল রফতানি করতে আগ্রহ প্রকাশ করেন। এছাড়া অপচনশীল দ্রব্য যেমন ফলের রস , শুকনো ফল নিয়ে কানাডার বিশেষ চাহিদার কথা জানান। এদিকে, সাক্ষাৎকালে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু ইরানের রাষ্ট্রদূতকে জানান, ইরানের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক করতে গেলে অর্থ লেনদেনে সমস্যা হয়ে দাঁড়ায়। সেক্ষেত্রে ইরানের রাষ্ট্রদূতকে বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের সঙ্গে আলাপ করে বিষয়টি সহজ করার আহ্বান জানান। এরপর প্রতিমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারি। তিনি বাংলাদেশ ও নেপালের মধ্যে বাণিজ্য সম্প্রসারণে আগ্রহের কথা জানালে বাণিজ্য প্রতিমন্ত্রী দুই দেশের মধ্যে একটি অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তির আহ্বান জানান। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## জিআই পেলো আরো ৪ পণ্য

আরো চারটি পণ্যকে বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক, জিআই পণ্য হিসেবে অনুমোদন দিয়ে জার্নাল প্রকাশিত হয়েছে। পণ্য চারটি হলো, রংপুরের হাঁড়িভাঙ্গা আম, মৌলভীবাজারের আগর, মৌলভীবাজারের আগর আতর ও মুক্তাগাছার মন্ডা। এ নিয়ে বাংলাদেশে অনুমোদিত জিআই পণ্যের সংখ্যা দাঁড়ালো ২৮টি। সোমবার, ১২ ফেব্রুয়ারি শিল্প মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। ২০০৩ সালে বাংলাদেশে এ কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেড মার্কস অধিদফতর, ডিপিডিটি যাত্রা শুরু করে। বর্তমানে একে পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেড মার্কস অধিদফতর, ডিপিডিটি নামে অভিহিত করা হয়। শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগের ফলে ভৌগোলিক নির্দেশক পণ্য

আইন, ২০১৩ পাস হয়। এর দুই বছর পর ভৌগোলিক নির্দেশক পণ্য বিধিমালা, ২০১৫ প্রণয়ন করা হয়। ২০১৬ সালে জামদানি শাড়িকে বাংলাদেশে প্রথম জিআই পণ্য হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। এরপর স্বীকৃতি পায় আরো ২০টি পণ্য। সেগুলো হলো, বাংলাদেশের ইলিশ, চাঁপাইনবাবগঞ্জের খিরসাপাত আম, বিজয়পুরের সাদা মাটি, দিনাজপুর কাটারীভোগ, বাংলাদেশের কালিজিরা, রংপুরের শতরঞ্জি, রাজশাহী সিল্ক, ঢাকাই মসলিন, রাজশাহী-চাঁপাইনবাবগঞ্জের ফজলি আম, বাংলাদেশের বাগদা চিংড়ি, বাংলাদেশের শীতল পাটি, বগুড়ার দই, শেরপুরের তুলশীমালা ধান, চাঁপাইনবাবগঞ্জের ল্যাংড়া আম, চাঁপাইনবাবগঞ্জের আশ্বিনা আম, নাটোরের কাঁচাগোল্লা, বাংলাদেশের ব্ল্যাক বেঙ্গল ছাগল, টাঙ্গাইলের পোড়াবাড়ির চমচম, কুমিল্লার রসমালাই ও কুষ্টিয়ার তিলের খাজা। সম্প্রতি অনুমোদিত তিনটি পণ্য টাঙ্গাইল শাড়ি, নরসিংদীর অমৃতসাগর কলা ও গোপালগঞ্জের রসগোল্লার অনুমোদনের কপি ও জার্নাল গতকাল রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এবং শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাকিয়া সুলতানা। এতে জিআই পণ্যের সংখ্যা হয় ২৪টি। আজ ৪টি জিআই পণ্যের জার্নাল প্রকাশিত হওয়ায় মোট অনুমোদিত জিআই পণ্যের সংখ্যা দাঁড়ালো ২৮টি। এছাড়া আরো দুটি পণ্য জিআই পণ্য হিসেবে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। সেগুলো হলো, জামালপুরের নকশিকাঁথা এবং যশোরের খেজুর গুড়। আগামী সপ্তাহে এই দুটি পণ্যের জার্নাল প্রকাশিত হবে বলে আশা করা যাচ্ছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

## দেশে গত ২৪ ঘণ্টায় করোনায় একজনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় ৬৮জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ৬২০ জনে। এ সময়ে করোনায় আক্রান্ত হয়ে আরো একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃত্যুর সংখ্যা ২৯ হাজার ৪৮৪ জনে দাঁড়িয়েছে। এর আগে গত ৭ ফেব্রুয়ারি সর্বশেষ করোনায় একজনের মৃত্যু হয়েছিল। সোমবার, ১২ ফেব্রুয়ারি স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ৫৩ জন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন ২০ লাখ ১৪ হাজার ৭৯৭ জন। গত ২৪ ঘণ্টায় পরীক্ষা করা হয় ১ হাজার ২৮২ নমুনা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৫ দশমিক ৩০ শতাংশ। মহামারি শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ।
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০২.২০২৪ প্রতীক)

# BBC

## HAMAS-RUN HEALTH MINISTRY SAYS 164 KILLED OVERNIGHT IN GAZA

Gaza's Hamas-run health ministry has just issued its regular casualty update, which says 28,340 Palestinians have been killed and nearly 68,000 wounded in the Strip since 7 October. The ministry says 164 have been killed and 200 injured in Gaza over the last day, although it is not clear exactly how many died in Israeli attacks on Rafah overnight.
(BBC Web Page: 12/02/24, FARUK)

## ISRAEL RESCUES TWO HOSTAGES IN RAFAH AMID DEADLY STRIKES

Israel says two male Israeli hostages have been rescued in a raid in Rafah, amid reports of heavy Israeli air strikes on the southern Gazan city. The Israeli military says the two men are in "good medical condition". Earlier, the Palestine Red Crescent Society said Rafah was under attack. Some 1.5 million people are sheltering in the city. It follows warnings from the international community over Israel's planned offensive there. Israel said it had conducted strikes in southern Gaza, with the Hamas-run health ministry reporting dozens of deaths. (BBC Web Page: 12/02/24, FARUK)

## CONSERVATIVE EX-PM STUBB ELECTED FINLAND PRESIDENT

Finland's conservative former Prime Minister Alexander Stubb has won Sunday's presidential election, final results show. He secured 51.6% of the vote, while his Green Party rival Pekka Haavisto, the former foreign minister, had 48.4%. Mr Haavisto has already admitted defeat. It is the first election since Finland joined the Nato military alliance. Mr Stubb, 55, takes a hardline approach towards Russia, with which the Nordic nation shares a long land border. (BBC Web Page: 12/02/24, FARUK)

## MORE THAN 20 MINERS TRAPPED IN ETHIOPIA CAVE FOR THREE DAYS

Rescue efforts are under way in a remote village in northern Ethiopia where more than 20 artisanal miners are trapped inside a cave. It's been three days since a narrow cave collapsed on the miners in the Delanta district. Local officials are uncertain about the exact number of the trapped miners, who were looking for precious opal gemstones. Hundreds of locals are trying to dig openings for the miners, as the village's landscape has made it

difficult to get support from machines. Rescue attempts have so far been unsuccessful, but the authorities remain hopeful of finding survivors. (BBC Web Page: 12/02/24, FARUK)

**ZAMBIA REOPENS SCHOOLS AS CHOLERA CASES SUBSIDE**

Schools in Zambia have reopened for the first time this year, after several delays following a deadly cholera outbreak. The reopening of schools was delayed by five weeks as part of a series of preventative measures to contain the spread of the highly contagious disease. The education ministry said it had been conducting school inspections across the country to gauge their readiness to reopen. The spread of the disease has eased, according to the authorities. About 500 people have died since the outbreak was reported last October. More than 15,000 cases have so far been reported, many of them affecting children.
(BBC Web Page: 12/02/24, FARUK)

**ONE DEAD AND DOZENS INJURED IN WESTERN CAMEROON EXPLOSION**

One student has died and several others were injured after an explosive device went off in Cameroon's restive North-West region. It happened on Sunday while students were marching during national youth day in Nkambe town. The regional governor told the state media that one student was killed and 40 people were injured during the incident. The incident is seen as an attempt by the separatists to enforce a boycott of education, which they imposed over seven years ago. (BBC Web Page: 12/02/24, FARUK)

**DEATH TOLL RISES TO 68 IN PHILIPPINES LANDSLIDE**

At least 68 people are now known to have died after a landslide swept through a gold-mining village in the Philippines almost a week ago. Officials say there are still 51 people missing following Tuesday's disaster in Davao de Oro province, but rescue workers admit there is little hope of finding any more survivors. A three-year-old girl was the last person pulled alive from the mud. Her rescue - after more than 60 hours buried - was described as a miracle. (BBC Web Page: 12/02/24, FARUK)

**QATAR FREES EX-INDIAN NAVY OFFICERS ON DEATH ROW**

A Qatari court has released eight former Indian naval officers previously on death row for unspecified charges. Seven of the men have already returned to India, Delhi's foreign ministry said on Monday. In January, authorities said their death penalty had been converted into prison sentences of "varying" lengths. Neither Qatar nor India revealed the charges against the men, who were working for Dahra Global, a private firm in Qatar. But Financial Times and Reuters have reported that the men were charged with spying for Israel. India and Qatar are close allies. Delhi recently signed a $78bn deal to import liquefied natural gas from Doha until the end of 2048. (BBC Web Page: 12/02/24, FARUK)

**THOUSANDS PROTEST IN MOROCCO AGAINST TIES WITH ISRAEL**

Thousands of Moroccans have taken to the streets of Rabat calling for an end to ties with Israel, over its actions in Gaza. Some waved placards saying "stop the massacre" and "normalization is treason" during Sunday's march. Politicians from across the spectrum are reported to have been among the crowds. Morocco established diplomatic ties with Israel in 2020 under the US-brokered Abraham Accords. As part of the deal, Rabat received Washington's recognition of its claim to sovereignty over the disputed territory of Western Sahara. (BBC Web Page: 12/02/24, FARUK)

**FOUR DEAD IN SHOOTING AT SHIPPING COMPANY IN GREECE**

A man, described as a former employee, has shot dead three people at a shipping company's office near Athens. Greek media report that the gunman killed two men and a woman before turning the gun on himself. The suspect was found dead next to a hunting rifle that was believed to have been used in the shooting. Police say the gunman was a former employee who had recently been fired. The owner of the company, European Product Carriers, was among the dead. (BBC Web Page: 12/02/24, FARUK)

**::THE END::**